কাজের খবরে ১ নম্বর কর্মক্ষেত্র কলকাতা শহরে সর্বাধিক পঠিত কর্মপত্রিকা

ISSN 0971-7765

# কর্মক্ষেত্র

বর্ষ ৪২ সংখ্যা ১৯ কলকাতা বুধবার, ৮ ডিসেম্বর ২০২১/১ **বাঙালির কর্মজীবনের প্রবেশপথ** ২২ অগ্রহায়ণ ১৪২৮ দাম ৪.০০ টাকা ৮ পাতা R. N. 37120/80

সি এস আই আর-নেট জানুয়ারি-ফেব্রুয়ারিতে
বিস্তারিত খবর
পৃষ্ঠা ৮

## নিউক্লিয়ার পাওয়ার কর্পোরেশনে চাকরি

স্টাইপেন্ডারি ট্রেনি, অ্যাসিস্ট্যান্ট, নার্স-সহ বিভিন্ন পদে ৬৮ জনকে নেবে নিউক্লিয়ার পাওয়ার কর্পোরেশন। ট্রেনি পদের ক্ষেত্রে প্রথমে ট্রেনিং। ট্রেনিং চলাকালীন স্টাইপেন্ড পাওয়া যাবে। সফল ভাবে ট্রেনিং শেষে নিয়োগ করা হবে সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট-বি এবং টেকনিশিয়ান অ্যাসিস্ট্যান্ট-বি পদে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর NAPS/HRM/01/2021.

**শূন্যপদের বিবরণ: নার্স-এ:** ৫টি। শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক, সঙ্গে জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারিতে ডিপ্লোমা। অথবা নার্সিংয়ে বি এসসি। অথবা নার্সিংয়ে সার্টিফিকেট কোর্স পাশ, সঙ্গে কোনও হাসপাতালে সংশ্লিষ্ট কাজে অন্তত ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। অথবা আর্মড ফোর্সেস থেকে নার্সিং অ্যাসিস্ট্যান্ট ক্লাস থ্রি সার্টিফিকেট পেয়ে থাকতে হবে। এর পাশাপাশি সেন্ট্রাল বা স্টেট নার্সিং কাউন্সিলে প্রার্থীর নাম নথিভুক্ত থাকতে হবে। বয়স: ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতন: ৪৪,৯০০ টাকা।

স্টাইপেন্ডারি ট্রেনি ক্যাটেগরি-১: **সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট**: মেকানিক্যাল: ৫টি, ইলেক্ট্রিক্যাল: ২টি, ইলেক্ট্রনিক্স: ২টি। শিক্ষাগত যোগ্যতা: অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় অন্তত ৩ বছর মেয়াদের ডিপ্লোমা কোর্স পাশ। বয়স: ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। স্টাইপেন্ড: প্রথম বছরে প্রতি মাসে ১৬,০০০ টাকা, পরবর্তী ৬ মাস প্রতি মাসে ১৮,০০০ টাকা। সফল ভাবে ট্রেনিং শেষে বেতন: ৩৫,৪০০ টাকা।

স্টাইপেন্ডারি ট্রেনি ক্যাটেগরি ২: **অপারেটর**: ১৮টি। শিক্ষাগত যোগ্যতা: বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক পাশ। ম্যাথমেটিক্স এবং বিজ্ঞান-বিষয়ক পত্রে ৫০ শতাংশ করে নম্বর পেয়ে থাকতে হবে।

স্টাইপেন্ডারি ট্রেনি-ক্যাটেগরি ২: **মেইন্টেনার**: ফিটার: ১৫টি, ইলেক্ট্রিশিয়ান: ৯টি। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক, সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে অন্তত ২ বছর মেয়াদের আই টি আই সার্টিফিকেট কোর্স পাশ। মাধ্যমিকে ম্যাথমেটিক্স ও বিজ্ঞানে অন্তত ৫০ শতাংশ করে নম্বর পেয়ে থাকতে হবে। ১ বছরের আই টি আই কোর্স পাশ প্রার্থীরাও আবেদন করতে পারেন। সেক্ষেত্রে সংশ্লিষ্ট কাজে অন্তত ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

**দৈহিক মাপজোক**: উচ্চতা অন্তত

*এরপর তিনের পাতায়*

## বর্ডার রোডস অর্গানাইজেশনে ৩৫৪

বিভিন্ন ট্রেডে ৩৫৪ জন কর্মী নেবে বর্ডার রোডস অর্গানাইজেশন। এটি কেন্দ্রের প্রতিরক্ষা মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। ভেহিক্যল মেকানিক, মাল্টি স্কিল্ড ওয়ার্কার পেইন্টার, মাল্টি স্কিল্ড ওয়ার্কার মেস ওয়েটার এবং ড্রাইভার মেকানিক্যাল ট্রান্সপোর্ট পদে নিয়োগ করা হবে জেনারেল রিজার্ভ ইঞ্জিনিয়ার ফোর্সে। শুধুমাত্র পুরুষরা আবেদন করবেন। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর ০২/২০২১।

**শূন্যপদের বিন্যাস: ভেহিক্যল মেকানিক**: শূন্যপদ ২৯৩টি (সাধারণ ১২১, তফসিলি জাতি ৫১, তফসিলি উপজাতি ২৮, ও বি সি ৬৪, আর্থিক ভাবে অনগ্রসর ২৯)। **মাল্টি স্কিল্ড ওয়ার্কার পেইন্টার**: শূন্যপদ ৩৩টি (তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ২, ও বি সি ২২, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। **মাল্টি স্কিল্ড ওয়ার্কার মেস ওয়েটার**: শূন্যপদ ১২টি (সাধারণ ৭, তফসিলি জাতি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **ড্রাইভার মেকানিক্যাল ট্রান্সপোর্ট**: শূন্যপদ ১৬টি (সাধারণ ৮, তফসিলি উপজাতি ৭, আর্থিক ভাবে অনগ্রসর ১)।

নিয়োগ-সংক্রান্ত বিশদ বিজ্ঞপ্তি এখনও প্রকাশিত হয়নি। আগ্রহীরা নজর রাখুন এই ওয়েবসাইটে: www.bro.gov.in

## সরকারি গবেষণাগারে টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট

টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট পদে ২২ জনকে নেবে দুর্গাপুরের সেন্ট্রাল মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং রিসার্চ ইনস্টিটিউট। এটি কেন্দ্রের কাউন্সিল অব সায়েন্টিফিক অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল রিসার্চের অধীনস্থ একটি প্রতিষ্ঠান। নিয়োগ করা হবে মেকানিক্যাল, প্রোডাকশন, সিভিল, ইলেক্ট্রিক্যাল ও ইলেক্ট্রনিক্স শাখায়। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 04/2021.

ক্যাটেগরি অনুসারে শূন্যপদ: সাধারণ ১২, তফসিলি উপজাতি ২, ও বি সি ৬, আর্থিক ভাবে অনগ্রসর ২।

*এরপর তিনের পাতায়*

## রাজ্য বিদ্যুৎ নিগমে ডাক্তার ও নার্স

### ওয়াক-ইন ইন্টারভিউ ১০ ডিসেম্বর

মেডিক্যাল অফিসার ও স্টাফ নার্স পদে ৩০ জনকে নেবে ওয়েস্ট বেঙ্গল পাওয়ার ডেভেলপমেন্ট কর্পোরেশন। প্রার্থী বাছাই করা হবে ওয়াক-ইন-ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউ ১০ ডিসেম্বর, কলকাতায়। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর WBPDCL/Recruitment/2021/05.

শূন্যপদের বিবরণ: **মেডিক্যাল অফিসার**: ১১টি। শিক্ষাগত যোগ্যতা: এম বি বি এস, সঙ্গে মেডিক্যাল কাউন্সিল অব ইন্ডিয়া বা ওয়েস্ট বেঙ্গল মেডিক্যাল কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে। বয়স: ১-১১-২০২১ তারিখে ৩৬ বছরের মধ্যে হতে হবে। মূল বেতন: ৫৬,১০০ টাকা।

**স্টাফ নার্স**: ১৯টি। শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় উচ্চমাধ্যমিক, সঙ্গে জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারিতে ডিগ্রি বা ডিপ্লোমা। এর পাশাপাশি ইন্ডিয়ান নার্সিং কাউন্সিল বা স্টেট নার্সিং কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে। বয়স: ১-১১-২০২১ তারিখে ৩২ বছরের মধ্যে হতে হবে। মূল বেতন: ২৯,০০০ টাকা।

সব ক্ষেত্রেই পশ্চিমবঙ্গের তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**প্রার্থী বাছাই করা হবে ওয়াক-ইন-ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউ কেন্দ্রের ঠিকানা: Bidyut Unnayan Bhavan, Block- LA, Plot No.-3/C,**

*এরপর তিনের পাতায়*

## কেন্দ্রীয় সরকারের আয়ুষ মন্ত্রকে চাকরি

মাল্টি টাস্কিং স্টাফ ও হাউস কিপিং স্টাফ পদে ৫২ জনকে নেবে কেন্দ্রীয় সরকারের আয়ুষ মন্ত্রক। নিয়োগ হবে চুক্তিতে। প্রার্থী বাছাই করবে ব্রডকাস্ট ইঞ্জিনিয়ারিং কনসালট্যান্টস ইন্ডিয়া লিমিটেড। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর ৯৬।

শূন্যপদের বিবরণ: **মাল্টি টাস্কিং স্টাফ**: ৩২টি। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। বেতন: ১৭,৫৩৭ টাকা। **হাউস কিপিং স্টাফ**: ২০টি। শিক্ষাগত যোগ্যতা: পঞ্চম শ্রেণি পাশ। বেতন: ১৫,৯০৮ টাকা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://becilregistration.com দরখাস্তের শেষ তারিখ ১০ ডিসেম্বর। দরখাস্তের সময় প্রার্থীর ফটো, সই, বয়সের প্রমাণপত্র এবং প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট এবং ও বি সি সার্টিফিকেট (১০০ কেবি সাইজের মধ্যে) স্ক্যান করে আপলোড করতে হবে। ফি বাবদ অনলাইনে দিতে হবে ৭৫০ টাকা (তফসিলি, দৈহিক প্রতিবন্ধী এবং আর্থিক ভাবে অনগ্রসর প্রার্থীদের ক্ষেত্রে ৪৫০ টাকা)। একাধিক পদে আবেদন করলে পদ প্রতি অতিরিক্ত ৫০০ টাকা (তফসিলি, দৈহিক প্রতিবন্ধী এবং আর্থিক ভাবে অনগ্রসর প্রার্থীদের ক্ষেত্রে ৩০০ টাকা) দিতে হবে। **অনলাইনে দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করুন। সাবমিট করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন।** এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.becil.com

## সমাজসেবা এবং উপার্জন দুই-ই করুন একসঙ্গে

**আর্থিক ভাবে পিছিয়ে পড়া গ্রামীণ মানুষকে সুলভ প্রাকৃতিক সম্পদ কাজে লাগিয়ে আর্থিক ভাবে স্বনির্ভর করে তোলার চেষ্টা চালাচ্ছে সরকার ছাড়াও বহু বেসরকারি সামাজিক সংস্থা। সাহায্য করছে পরিকাঠামো গড়ে দিয়ে, গ্রামীণ মানুষের তৈরি জিনিসপত্র বিক্রির ব্যবস্থা করে। আপনার অঞ্চলেও এরকম পরিকাঠামো গড়ে তুলতে পারেন। অথবা, এ ধরনের সংস্থার কাছ থেকে পাইকারি দরে নানা সামগ্রী কিনে নিজে ব্যবসা করতে পারেন।**

**নিজস্ব প্রতিনিধি:** একটা সময় ছিল যখন সমাজসেবা বলতে বোঝাত অভাবী, বিপদাপন্ন, দুর্দশাগ্রস্ত মানুষের হাতে জীবনধারণের উপকরণ তুলে দেওয়াকে। কিন্তু সময়ের সঙ্গে সামাজিক কাজের ধারণা বদলেছে। এখন বিপর্যস্ত, পিছিয়ে পড়া মানুষের সক্রিয় অংশগ্রহণের মাধ্যমেই তাদের জীবনযাপনের চিরস্থায়ী মানোন্নয়নের উপর জোর দেওয়া হচ্ছে। তাদের উপার্জনের ব্যবস্থা করে, তাদের সন্তানদের পড়াশোনার জন্য স্কুল গড়ে তুলে এক দীর্ঘমেয়াদি কর্মযজ্ঞ চলেছে সরকারি এবং বেসরকারি, দুই তরফেই। এই কর্মযজ্ঞে শামিল হতে পারেন যে-কেউ। শামিল হতে পারেন নানা ভাবে। যেমন, গ্রামীণ ও অর্থনৈতিক ভাবে পিছিয়ে থাকা মানুষদের হাতে উৎপাদিত সামগ্রী পাইকারি দরে কিনে এনে শহর বা মফসসলের বাজারে বিক্রি করা যায়। তাতে উৎপাদকরা যেমন আর্থিক ভাবে লাভবান হবেন, তেমনই যিনি বিক্রি করছেন তাঁরও উপার্জন হবে।



গ্রামে উৎপাদিত এইসব সামগ্রীর মধ্যে থাকে মাটির গন্ধ, গ্রামীণ সারল্যের ছাপ আর প্রকৃতির বিশুদ্ধতা। ফলে এর শহরে ক্রেতার সংখ্যাও বিপুল। সুন্দরবনের সন্দেশখালিতে 'শীতলিয়া মা সোশ্যাল ওয়েলফেয়ার সোসাইটি' গড়ে গ্রামীণ মানুষদের কর্মসংস্থানের বন্দোবস্ত করেছেন স্থানীয় কয়েকজন শিক্ষিত যুবক। এই সংগঠনও পাইকারি দরে গ্রামীণ মানুষের তৈরি সামগ্রী বিক্রি করে। তাদের কাছ থেকে যে-কেউ এসব জিনিস কিনে এনে বিক্রি করতে পারেন।

'শীতলিয়া মা সোশ্যাল ওয়েলফেয়ার সোসাইটি'র কর্মকাণ্ডের নেপথ্যে আছেন নীলোৎপল বর্মণ। বছর পঁচিশের স্নাতকোত্তর এবং বি এড পাশ যুবক, নীলোৎপল বর্তমানে সোশ্যাল ওয়ার্ক নিয়ে পড়াশোনা করছেন। সুন্দরবন অঞ্চলেরই

*এরপর পাঁচের পাতায়*

ফুরোবার আগেই সংগ্রহ করুন



# কর্মক্ষেত্র
## শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন

### কর্মখালি

**H.S./Graduate?** টার্গেটহীন অফিস জবে স্থায়ী পদে 12-15000/- আয়ের সুযোগ। অনভিজ্ঞ গৃহবধূরাও স্বাগত। 85850-93249.

□

**সোদপুর, আগরপাড়া, খড়দহ অঞ্চলে** হার্ডওয়ার দোকানে কাজের জন্য পুরুষ/মহিলা কর্মঠ ব্যক্তি সত্বর প্রয়োজন। বয়স: 20-30 মধ্যে। 9830604547/94323-61383.

□

**Reqd. back office boy, Telecallers,** executives & manager in Bank. Age: 18-50. Behala. M: 84799-19423/24/25/26.

□

**Reqd. Autocad Engineers/** Accounts Asst./Factory Store Supervisors/ Wireman/ Fitters. Apply to ECC, P-28 Gariahat Road, Kol-29, Email: eccindiakol@gmail.com

□

**Required MBBS/Homeopathy** Doctor for an Infertility Clinic in Behala. Full time opportunity. Call: 98301-50438.

□

**Wanted for Medical Co. at** (Kolkata) Supervisor, Salesman, Office Asst., Copper Brazing Welder, Store Keeper, Peon. 98311-77723.

□

**কলকাতার একটি নামকরা কোম্পানিতে** 407, Tata ACE এবং Private Car চালানোর জন্য অভিজ্ঞ লাইসেন্সপ্রাপ্ত ড্রাইভার প্রয়োজন। আগ্রহী ব্যক্তিরা সত্বর যোগাযোগ করুন। বিঃ দ্রঃ-কলকাতার বাইরে আগ্রহী ব্যক্তিদের জন্য থেকে কাজ করার সুবিধা আছে। যোগাযোগ: 84200-32103/87774-28901.

□

**Work from home** হাতে ফর্ম ফিলাপ/কম্পিউটার-এ Excel Data Entry করে মাসে ২০ থেকে ২৫ হাজার আয় করুন। 97480-37206.

□

**উচ্চ পদে Retd./VRS-প্রাপ্তদের জন্য** পার্টটাইম ম্যানেজারের সুযোগ। বয়স: 50-64, H.S রিটায়ার্ডদের জন্য বিশেষ সুযোগ। আয়: 45Kpm+Others মানসী: 87770-58651.

□

**MNC-তে সেন্ট্রাল/স্টেট গভঃ Retd./** VRS-দের স্থায়ী Officer পদে নিয়োগ। Fixed Salary, Income 30-50 Kpm+Corp Benefits 50-65 yr. 62917-87301/98311-06888.

□

**দঃ কলিতে বাড়ির সর্বক্ষণের কাজের জন্য** 32-40 পুরুষ প্রয়োজন। সাক্ষাতে মহিলার কথা। 91470-03999/98300-05699.

□

**দক্ষিণ কলিকাতায় নতুন ব্রাঞ্চে অফিস** জবের জন্য Computer জানা কিছু Manager চাই। HS+, বয়স: 40-62 Retd./VRS welcome. আয়: 35K+Others. 62901-77413.

□

**Retd./VRS** (সেন্ট্রাল/স্টেট গভঃ)/ Pvt./ ব্যবসায়ী/গৃহবধূ কলকাতায় MNC-তে Manager পদে যোগ দিন। আয়: 30Kpm+PF+ESI+Tour. 30-65 yr HS+ Asit: 99036-32646.

□

**জুয়েলারি সংস্থায় সোনার নকশা কাজের** কারিগর প্রয়োজন। কাজ জানা ব্যক্তি যোগাযোগ করুন: 90736-17913.

□

**মধ্যমগ্রামে প্রতিষ্ঠিত জুয়েলারি শোরুমে** অভিজ্ঞতাসম্পন্ন পুরুষ/মহিলা চাই। কম্পিউটার জানা অগ্রাধিকার যোগ্য। ফোন: 80956-48432.

□

### কর্মখালি

**Wanted experienced 1) Accountant 2) Store Manager for** Electronics 3) Marketing Manager for Healthcare. 98747-36524, 90387-24757, mail: medflag@gmail.com

□

**Required male female &** experienced Telecaller, Mrkt. Executive, age limit: 25-40 yrs. Salary 10k-12k for Ltd. Co. at Dalhousie Area. Call ph.: 62902-51959.

□

**কলকাতার অফিসে কম্পিউটার জানা** sales & marketing-এ অভিজ্ঞ পুরুষ ও মহিলা চাই। Contact: 80172-62626/90512-62626.

□

**কলকাতার নামী MNC-তে RETD/** VRS/ গৃহবধূ স্বাগত। বাড়ি/অফিসে বসে উচ্চ আয় ও বিদেশ ভ্রমণের সুবর্ণ সুযোগ। 40-68/HS+ 98363-87794/62909-14657.

□

**পার্ক স্ট্রিট-কলকাতায় শাড়ি ও স্যুট** পাইকারি দোকানের জন্য মেশিন এমব্রয়ডারি ও জরির কারিগর (ওস্তাগার) প্রয়োজন। 96811-30000.

□

**জেলাভিত্তিক সরাসরি চাকরি।** নামসই-স্নাতক, স্টোরকিপার/S.V/অফিস ইনচার্জ ব্যাক অফিস/লেবার/পিয়ন পদে Male/female চাই। বেতন 16.5K-22.5K M: 82749-53546.

□

**সর্বভারতীয় সংস্থায় কলির অফিসে** ম্যানেজার নিয়োগ। Govt Retd./VRS (ডিফেন্স, BSF, BSNL, শিক্ষক, ব্যাঙ্ক, রেল)। আয়: 30-50k+Inc. তাপস রায়: 79803-35924.

□

**Required by SSI Printing Unit (1) Production Executive (2) Offset** Flexo Operator (3) Account Executive. Contact Email: insighttangra@gmail.com (M) 98300-69416.

□

**Wanted experienced manager,** reception, sales, back office for a two wheeler dealer at Shibpur Howrah whatsapp: 79809-32663.

□

**কলকাতা ও হাওড়ায় Co.তে ন্যূনতম ৮ম** শ্রেণী পাস ড্রাইভার প্রয়োজন। TR License আবশ্যক। বেতন: 12,000/- OT+PF+ESI+Gratuity-র সুবিধা। যোগাযোগ: Writer Safeguard: 80179-83001.

□

**Fixed Job! পশ্চিমবঙ্গ সরকার স্বীকৃত** কোম্পানিতে কিছু সীমিত স্থায়ী/অস্থায়ী পদে 38 জন যুবক/যুবতী অবশ্যক। বয়স: 18-30. যোগ্যতা: মাধ্যমিক-গ্র্যাজুয়েট, আয়: 7,000/- - 35,000/- PM+প্রমোশন+থাকা ফ্রি। বায়োডাটা-সহ যোগাযোগ: লেকটাউন: 90074-24000, বেহালা: 98362-34260.

□

**At Dalhousie MNC reqd. serious** people male/female 30-60 for Supervisory Job high package call for target free office job 86177-43065.

□

**দিল্লি/মুম্বাইতে আয়া পেসেন্ট/বেবি** কেয়ার, জাপা, বাড়ির কাজে মহিলা চাই। 15K-25K, জয়া সেন্টার। 70114-56402, 93301-59570, 78275-52870, 72919-85085.

□

**দিল্লি মুম্বাই ও বিদেশে বেবী কেয়ার ন্যানি** জাপা কুক এডুকেটেড গভর্নেস চাই (12-30K) Aasthajob 90077-12120/98740-90883.

□

**২ বছরের Tally ও GST অভিজ্ঞতাসম্পন্ন** লোক চাই। বেতন: 10,000-12,000/-. Email: mewplit@gmail.com

□

### কর্মখালি

**An upcoming NABL Diagnostic** centre: Reqd. 1) Front Office Exec. 2) Mktg. Exec. 3) Lab Tecnician 4) X-Ray Technician. Walk-in (12.12.21) at Mediwin, 75/1, Feeder Road, Kol-56, M: 97488-02999.

□

**কলকাতা সহ সারা ভারতে ও বিদেশে আয়া** রান্না বান্না/পেসেন্ট দেখা ও ঘরোয়া কাজে মেয়ে চাই। 9-60,000/- থাকা+খাওয়া 70591-66264/ 90515-22914.

□

**Retired/ VRS/ Govt/ PSU-দের** সম্মানের সঙ্গে কাজের সুযোগ বিখ্যাত Finance Co.-তে। Age: 35-65 yrs. Graduate. কলি অফিস। যোগাযোগ: 90517-07815.

□

**Post Facility Manager for** residential complex in New Town Rajarhat. At least 10 years experience as facility Manager in residential complex, having knowledge to handle STP, WTP, Electrical Sub Stn, Fire fighting equipment etc. Mail: rhflatownerasso@gmail.com, Whatsapp: 62922-51232.

□

**কন্ট্রাক্টরের অধীনে এয়ারপোর্টে ও ব্যাঙ্ক** (DSA)-তে স্থায়ী জব। যোগ্যতা ৮ম-স্নাতক, বেতন: 17,800-48,900 উর্দ্ধে। Male/Female নিয়োগ চলছে। M: 96474-05461.

□

**গভঃ স্বীকৃত Airport-এ কন্ট্রাক্টরের** অধীনে ও ব্যাঙ্ক (DSA)-তে 176 জন ৪র্থ-স্নাতক কমী চাই। বেতন: 17,300/- - 42,700/-. পদ: SV, Asst. SV. M: 97336-77872.

□

**CA Firm requires experienced** Male (XII Pass) as Office Peon (9-7 pm, Age: 30-40 years). Email: skasso1977@gmail.com

□

**কলকাতায় Back Office-এর বিভিন্ন** কাজের জন্য Hindi/English জানা অভিজ্ঞ/অনভিজ্ঞ মহিলা Telecallers চাই। মাসিক আয়: 7,500/- - 17,500/-. Call/Wapp: 74070-41002.

□

**বাগুইআটিতে মহিলাদের বৃদ্ধাশ্রমে অসুস্থ** মহিলাদের সেবার জন্য 24 ঘন্টার রান্না/আয়া কাজের মহিলা/পুরুষ চাই। বেতন, থাকা, খাওয়া: 86976-28001/80170-09700.

□

**Want Teachers of Eng., Hindi &** Computer for I-IV also teachers of Hist. & Phy Sc. for V-X. Affiliated Eng. Med. School, HPMI, Tegharia, Kol-157, mail CV: hpmcv16@gmail.com M: 76880-48887.

□

**Required Female Accountant with** Good Knowledge of GST, TDS and TCS at Dobson Road near Howrah AC Market. M: 97487-78291/98363-85670. Email: ramadevigarmentspvt@gmail.com

□

**টেলিকম 4G কোং SMS/জব পুরুষ/** মহিলা ঘরে বসে রোজগার 18000-45000/মাসে ল্যাপটপ+ মোবাইল ফ্রি। নাম-ঠিকানা: Call/WApp/SMS 98317-71154, 98317-72379.

> কর্মক্ষেত্রর আগামী সংখ্যার জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ১১ ডিসেম্বর দুপুর ২টো পর্যন্ত।
>
> □□□
>
> ২২ ডিসেম্বর কর্মক্ষেত্রর জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ১৮ ডিসেম্বর দুপুর ২টো পর্যন্ত।

### কর্মখালি

**জেলাভিত্তিক স্থায়ী কাজ**

প্রতিটি জেলায় Pvt. স্বাস্থ্যকেন্দ্র, ATM, টাওয়ার Co. ফ্যাক্টরি, অফিস, শপিংমলে কর্মী নিয়োগ। (বেতন: 12,500/- – 22,500/-), M: 90515-60042.

□

**জাহাজে ও ডকে স্থায়ী জব**

**WB Kol-L/C NO WB AL 70N65** পঃ বাংলার বিভিন্ন জেলার কর্মপ্রার্থীদের বিভিন্ন পদে ও বিভিন্ন বেতনে 186 জন M/F কর্মী নিয়োগ করানো হচ্ছে। Salary 19750/- – 46,500/-, থাকা খাওয়া-সহ অন্যান্য সুবিধা। Help: 83273-29779.

□

**আর্জেন্ট কাজের সুযোগ**

পঃ বঃ প্রতিটি জেলায় Pvt. ব্যাঙ্ক, NC, MNC, Pvt. Ltd. Co. ATM ও টাওয়ার Co. Pvt স্বাস্থ্যকেন্দ্রে অফিসিয়াল ও অন্যান্য পদে M/F নিয়োগ। বেতন: (12,500/- – 23,700/-), M: 83278-79970.

□

**Airport ও ব্যাঙ্কে 5 দিনে স্পট জয়েনিং**

গভঃ স্বীকৃত বিনা ডোনেশনে অষ্টম/স্নাতক M/F কর্মী নিয়োগ চলছে। বেতন: 18,700/- – 48,300/-, থাকা খাওয়া ফ্রী। M: 97336-93202.

□

**Airport ও ব্যাঙ্কে পার্মানেন্ট জব**

**Govt. Reg. No-6987**

কোনও ডোনেশন ছাড়াই Airport ও ব্যাঙ্কে অষ্টম/স্নাতক M/F কর্মী চাই। বেতন: 16,700/- – 49,400/-. থাকা খাওয়া ফ্রী। M: 95936-34587.

□

**Axis, HDFC, বন্ধন ব্যাঙ্ক DSA-তে** নিজ জেলায় বিভিন্ন পদে M/F চাই। বেতন: 15K-22K + PF, ESI, M: 94326-65439.

□

**Airport ও ব্যাঙ্কে পার্মানেন্ট জব**

**Govt. Reg. No-6987**

কোনও ডোনেশন ছাড়াই Airport ও ব্যাঙ্কে অষ্টম/স্নাতক M/F কর্মী চাই। বেতন: 16,700/- – 49,400/-. থাকা খাওয়া ফ্রী। M: 95934-62948.

□

**ডাইরেক্ট 5 দিনে স্পট জয়েনিং**

গভঃ লাইসেন্সপ্রাপ্ত অফিসে Airport ও ব্যাঙ্কে বিনা ডোনেশনে ৪ম/স্নাতক 225 জন কর্মী চাই। বেতন: 17,700/- – 48,300/-, থাকা খাওয়া ফ্রী। Ex আর্মী বিশেষ সুবিধা। M: 75518-78948.

□

### কর্মখালি

**প্রাঃ ব্যাঙ্ক DSA স্থায়ী ভাবে**

**WB. L/C No. Kol-50W85** পঃ বাংলার বিভিন্ন প্রান্তের প্রাঃ ব্যাঙ্ক ও Bank Office-সহ ব্যাঙ্ক DSA-এর জন্য 326 জন M/F বিভিন্ন পদে ও বিভিন্ন বেতনে পঃ বাংলার বিভিন্ন প্রান্তে নিয়োগ করানো হচ্ছে। বেতন: 16,500/- – 32,700/-. এছাড়া অন্যান্য সুযোগ-সুবিধা থাকবে। HELP: 83287-28134.

□

**AIRTEL / JIO FIBER**

কাস্টমার কেয়ারে (10-6 pm) রাজ্যের বিভিন্ন জেলা থেকে (HS-MA) M/F কর্মী নিয়োগ চলছে। বয়স: (18-35), বেতন: (15,800/- – 25,500/-) + PF + ESI + মেস। Kol-08, বেহালা: 93308-35785, দমদম: 96742-56755.

□

**ফোন করলেই চাকরি**

**Govt. R-No.- 5783** বিনা ডোনেশনে Airport ও Bank (DSA)-তে অষ্টম/স্নাতক M/F 278 জন কর্মী নিচ্ছে। বেতন: 17,400/- – 42,900/-, থাকা খাওয়া ফ্রী। Ex-আর্মি বিশেষ সুবিধা। M: 97337-51641.

□

**আর্জেন্টি কর্মী নিয়োগ**

23টি জেলায় বিভিন্ন কোম্পানি, ফ্যাক্টরি, অফিস, শপিংমল, ATM টাওয়ার Co.-তে কাজ। বেতন: (12,500/- – 22,500/-), M: 83483-31196.

□

**সরাসরি কর্মী নিয়োগ**

পঃবঃ প্রতিটি জেলায় 4G ও 5G টাওয়ার ATM গার্ড, শপিংমল ও নার্সিং হোমে M/F চাই। বেতন: 12,500/- – 19,600/-, PF + ESI. M: 82760-13564.

□

**লাইসেন্স WB/5207 বেতন: 16K-33K** বিনা ডোনেশনে Bank DSA-তে জেলাভিত্তিক ATM গার্ড, ক্লার্ক, পিওন ও Airport-এ প্যাকিং, SV, চেকিং স্থায়ী পদে (নামসই-উচ্চশিক্ষিত) কর্মী চাই। Kol-110, সোদপুর। 82740-75374.

### স্কুল-কলেজ-শিক্ষা

**প্রি-প্রাইমারী, প্রাইমারী ও সিনিয়র টিচার্স ট্রেনিং**

নতুন শিক্ষানীতি অনুসারে ১/২ বছর কোর্সে ভর্তি চলছে। Approved by BSS ও NSDC Govt. of India. চাকরির বিশেষ সুযোগ দেওয়া হচ্ছে। Global Technical Institute, বেলেঘাটা ফুলবাগান: 92315-51285 / 92301-13485.

> **পাঠকের প্রতি**
>
> কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের উত্তরে আবেদন বা সাক্ষাৎ করার সময় কোনওরকম টাকা চাওয়া হলে সেই টাকা দেওয়া সম্পূর্ণ ন্যায়সঙ্গত কিনা সেবিষয়ে পুরোপুরি নিশ্চিত না হয়ে টাকা দেবেন না। যে-কোনও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সংস্থাটির যাবতীয় স্বীকৃতিপত্র যাচাই করে নেওয়া সঙ্গত। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে তার জন্য প্রকাশক, মুদ্রক, সম্পাদক এবং স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর মালিকপক্ষকে কোনওভাবেই দায়ী করা যাবে না।


**DISCLAIMER**

**SWARNAKSHAR PRAKASANI PVT. LTD. assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.**


## প্রতিরক্ষা মন্ত্রকে চাকরি

সাব-ডিভিশনাল অফিসার গ্রেড-টু এবং জুনিয়র হিন্দি ট্রান্সলেটর পদে ৯৬ জনকে নেবে প্রতিরক্ষা মন্ত্রকের অধীনস্থ ডিফেন্স এস্টেটস অর্গানাইজেশন, সাদার্ন কমান্ড।

শূন্যপদের বিবরণ: সাব-ডিভিশনাল অফিসার গ্রেড-টু: ৮৯টি (সাধারণ ৩৬, তফসিলি জাতি ১০, তফসিলি উপজাতি ৪, ও বি সি ২৩, আর্থিক ভাবে অনগ্রসর ১৬)। এর মধ্যে ৯টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মী এবং ৩টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত হবে। বয়স: ১৫-১-২০২২ তারিখে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৫,২০০-২০,২০০ টাকা, সঙ্গে গ্রেড পে ২,৪০০ টাকা।

জুনিয়র হিন্দি ট্রান্সলেটর: ৭টি (সাধারণ ৫, আর্থিক ভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত হবে। বয়স: ১৫-১-২০২২ তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৯,৩০০-৩৪,৮০০ টাকা, সঙ্গে গ্রেড পে ৪,২০০ টাকা।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইটগুলির যে-কোনও একটির থেকে: www.dgde.gov.in, www.nidem.dgde.gov.in, https://barrackpore.cantt.gov.in. প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা দরখাস্ত ১৫ জানুয়ারির মধ্যে পৌঁছতে হবে নির্দিষ্ট ঠিকানায়।

## হায়দরাবাদ বিশ্ববিদ্যালয়ে অধ্যাপক

বিভিন্ন বিভাগে ৫২ জন প্রফেসর, অ্যাসোসিয়েট প্রফেসর ও অ্যাসিস্ট্যান্ট প্রফেসর নেবে হায়দরাবাদ বিশ্ববিদ্যালয়। তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধীদের জন্য এটি একটি বিশেষ নিয়োগ অভিযান। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর UH/Recn./Teaching/2021-01.

নিয়োগ করা হবে এই সব বিষয়ে: ম্যাথমেটিক্স অ্যান্ড স্ট্যাটিস্টিক্স, কম্পিউটার অ্যান্ড ইনফর্মেশন সায়েন্সেস, ফিজিক্স, আর্থ, ওশান অ্যান্ড অ্যাটমোস্ফেরিক সায়েন্সেস, কেমিস্ট্রি, বায়ো-কেমিস্ট্রি, প্ল্যান্ট সায়েন্সেস, অ্যানিম্যাল বায়োলজি, ইঞ্জিনিয়ারিং সায়েন্সেস অ্যান্ড টেকনোলজি, হেলথ সাইকোলজি, ইংলিশ, ফিলোজফি, তেলুগু, হিন্দি, উর্দু, অ্যাপ্লায়েড লিঙ্গুইস্টিক্স অ্যান্ড ট্রান্সলেশন স্টাডিজ, সংস্কৃত স্টাডিজ, ইকনমিক্স, হিস্ট্রি, পলিটিক্যাল সায়েন্স, অ্যানথ্রোপলজি, এডুকেশন, ফোক কালচার স্টাডিজ, ডান্স, ম্যানেজমেন্ট স্টাডিজ।

শূন্যপদের বিন্যাস: প্রফেসর: শূন্যপদ ১৬টি (তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১, দৈহিক প্রতিবন্ধী ৩)। অ্যাসোসিয়েট প্রফেসর: শূন্যপদ ৩১টি (তফসিলি জাতি ১১, তফসিলি উপজাতি ১০, ও বি সি ৪, দৈহিক প্রতিবন্ধী ৬)। অ্যাসিস্ট্যান্ট প্রফেসর: শূন্যপদ ৫টি (তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ১, দৈহিক প্রতিবন্ধী ২)।

বয়স: ৬৫ বছরের মধ্যে হতে হবে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://uohyd.ac.in. ফি [illegible] দিতে হবে ও বি সি এবং ট্রান্সজেন্ডারদের ক্ষেত্রে ১,০০০ টাকা, প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে ৫০০ টাকা। তফসিলিদের কোনও ফি লাগবে না। অনলাইন দরখাস্ত পূরণ করবেন যথাযথ ভাবে। দরখাস্ত সাবমিটের পর পূরণ করা দরখাস্তের একটি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি পাঠাতে হবে।

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা দরখাস্তের প্রিন্ট আউট ৩১ ডিসেম্বরের মধ্যে স্পিড পোস্ট বা ক্যুরিয়রের মাধ্যমে পৌঁছতে হবে এই ঠিকানায়: Deputy Registrar (Recruitment), Recruitment Cell, Room No: 221 (First Floor), Administration Building, University of Hyderabad, Prof. C R Rao Road, Gachibowli, Hyderabad-500 046, India.

অনলাইন আবেদনের শেষ তারিখ-সহ বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# ঝাড়গ্রামে স্বাস্থ্যকর্মী

মেডিক্যাল মাইক্রোবায়োলজিস্ট, ল্যাব টেকনিশিয়ান এবং ডেটা এন্ট্রি অপারেটর পদে ১৫ জনকে নেবে ঝাড়গ্রামের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতি। নিয়োগ হবে তিন মাসের চুক্তিতে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর DH&FWS/JGM/2021/2110.

শূন্যপদের বিবরণ: মেডিক্যাল মাইক্রোবায়োলজিস্ট/মলিকিউলার বায়োলজিস্ট ৩টি, এম টি ল্যাব টেকনিশিয়ান ৬টি, ডেটা এন্ট্রি অপারেটর ৬টি।

বেতন মাইক্রোবায়োলজিস্ট পদের ক্ষেত্রে ৪০,০০০ টাকা, টেকনিশিয়ান পদের ক্ষেত্রে ১৭,০০০ টাকা এবং অপারেটর পদের ক্ষেত্রে ১৩,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে ওয়াক-ইন-ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউ ১০ ডিসেম্বর, সকাল ১১টা থেকে দুপুর ২টো পর্যন্ত। ইন্টারভিউ কেন্দ্রের ঠিকানা: Office of the Chief Medical Officer of Health, Jhargram, Zilla Swasthya Bhawan, Jhargram District Hospital Compound.

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.wbhealth.gov.in

# রাজ্য বিদ্যুৎ নিগমে ডাক্তার ও নার্স

*প্রথম পাতার পর*

Sector-III, Bidhannagar, Kolkata-700 106. ইন্টারভিউ সকাল সাড়ে ১০টা থেকে দুপুর ২টো পর্যন্ত চলবে।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান (অ্যানেক্সচার-এ) ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.wbpdcl.co.in দরখাস্ত পূরণ করবেন যথাযথ ভাবে।

দরখাস্তের নির্দিষ্ট স্থানে প্রার্থীর রঙিন পাসপোর্ট মাপের ফটো সেঁটে দেবেন। ফটোয় প্রার্থীর নামের উল্লেখ থাকতে হবে।

**দরখাস্তের সঙ্গে নিয়ে যাবেন:** ✓প্রার্থীর সাম্প্রতিক রঙিন পাসপোর্ট মাপের ২ কপি ফটো। ✓বয়স এবং শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল। ✓কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)। ✓দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল। ✓কাজের অভিজ্ঞতার সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (থাকলে)।

উল্লিখিত মূল সার্টিফিকেটগুলিও সঙ্গে নিয়ে যেতে হবে। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# সরকারি গবেষণাগারে টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট

*প্রথম পাতার পর*

বয়স: ২০-১২-২০২১ তারিখে ২৮ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৩৫,৪০০-১,১২,৪০০ টাকা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.cmeri.res.in দরখাস্তের শেষ তারিখ ২০ ডিসেম্বর। অনলাইনে দরখাস্ত যথাযথ ভাবে সাবমিট করুন। সাবমিট করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। প্রয়োজনীয় নথিপত্র-সহ দরখাস্তের প্রিন্ট আউট ৩১ ডিসেম্বরের মধ্যে পৌঁছতে হবে নির্দিষ্ট ঠিকানায়।

বিশদ তথ্যের জন্য আগ্রহীরা দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# নিউক্লিয়ার পাওয়ার কর্পোরেশনে চাকরি

*প্রথম পাতার পর*

১৬০ সেমি, ওজন অন্তত ৪৫.৫ কেজি।

বয়স: ১৮ থেকে ২৪ বছরের মধ্যে হতে হবে। স্টাইপেন্ড: প্রথম বছরে প্রতি মাসে ১০,৫০০ টাকা, দ্বিতীয় বছরে প্রতি মাসে ১২,৫০০ টাকা। সফল ভাবে ট্রেনিং শেষে বেতন: ২১,৭০০ টাকা।

অ্যাসিস্ট্যান্ট গ্রেড-১: হিউম্যান রিসোর্স: ৪টি, ফিনান্স অ্যান্ড অ্যাকাউন্টস: ৩টি, সি অ্যান্ড এম এম: ৫টি। শিক্ষাগত যোগ্যতা: অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ স্নাতক, সঙ্গে কম্পিউটারে ইংরেজিতে প্রতি মিনিটে ৩০টি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে এবং অন্তত ৬ মাস মেয়াদের কম্পিউটার সার্টিফিকেট কোর্স (এম এস উইন্ডোজ, এম এস অফিস, ই-মেল ম্যানেজমেন্ট, ইন্টারনেট সার্ফিং) পাশ করে থাকতে হবে। স্কুল বা কলেজে কম্পিউটার সায়েন্স বা কম্পিউটার অ্যাপ্লিকেশন পড়ে থাকলে কম্পিউটার সার্টিফিকেটের প্রয়োজন নেই।

বয়স: ২১ থেকে ২৮ বছরের মধ্যে হতে হবে। বেতন: ২৫,৫০০ টাকা।

সব ক্ষেত্রেই ২৭-১২-২০২১ তারিখে নির্দিষ্ট বয়স থাকতে হবে।

নিয়মানুসারে তফসিলি, ও বি সি, দৈহিক প্রতিবন্ধী এবং আর্থিক ভাবে অনগ্রসর প্রার্থীদের জন্য শূন্যপদ সংরক্ষিত হবে। বয়সে তফসিলিরা ৫, ও বি সিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছর এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে প্রযোজ্য ক্ষেত্রে লিখিত পরীক্ষা, স্কিল টেস্ট এবং পার্সোন্যাল ইন্টারভিউয়ের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.npcilcareers.co.in. দরখাস্তের শেষ তারিখ ২৭ ডিসেম্বর। প্রথমে রেজিস্ট্রেশন করতে হবে। দরখাস্তের সময় প্রার্থীর জে পি জি ফর্ম্যাটে স্ক্যান করা ফটো (৫০ কেবি সাইজের মধ্যে) ও সই (২০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করুন। পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।


**GLOBAL KNOWLEDGE CAMPUS (KRISHNAGAR)**

GIMT

**ADMISSION OPEN (Online & Offline)**

| | | | | |
|---|---|---|---|---|
| Diploma Engineering (CE, ME) | B.Tech (CE, ME, EE ECE, CSE) | B.Tech Lateral | M.Tech (Computer Science - IOT) | B. Pharm D. Pharm |
| Hotel Management BCA \| BBA | ITI (Fitter, Electrician, Welder) | B.Ed D.El.Ed | Krishnagar Public School Pre Nursery to Class 12th (CBSE Affiliated) | |

**For Admission Contact : 7596056173 9083640444 | 7407131234 | 9434425381**



**গার্ডন রীচ শিপবিল্ডর্স এণ্ড ইংজীনিয়র্স লিমিটেড**
**Garden Reach Shipbuilders & Engineers Limited**
(भारत सरकार का उपक्रम / A Govt. of India Undertaking), रक्षा मंत्रालय / Ministry of Defence
Regd and Corp Office: GRSE BHAVAN, 61, Garden Reach Road, Kolkata - 700 024
Web: www.grse.in, (CIN: L35111WB1934GOI007891)

**এমপ্লয়মেন্ট বিজ্ঞপ্তি নং. ওএস: ০২/২০২১-তে সংযোজনী**
**আধিকারিক নিয়োগ**

**অনলাইন রেজিস্ট্রেশন খোলার তারিখ: ০৭ ডিসেম্বর ২০২১**
**অনলাইন রেজিস্ট্রেশন বন্ধের তারিখ: ২৫ ডিসেম্বর ২০২১**

(১) ইএন-ওএস: ০২/২০২১-তে নিম্নলিখিত পদ যুক্ত করা হয়েছে:
**(ক) অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (ই-১)-এইচআর-০১টি পদ (ইউআর)।**
(২) ইএন-ওএস: ০২/২০২১-এর অন্যান্য সকল পদগুলি অপরিবর্তিত থাকবে।
(৩) বিস্তারিত বিবরণ যেমন সাধারণ শর্তাবলী, যোগ্যতা, অত্যাবশ্যক যোগ্যতা, ন্যূনতম অভিজ্ঞতা, নির্বাচন প্রক্রিয়া, কিভাবে আবেদন করবেন ইত্যাদি **https://jobapply.in/grse2021** অথবা জিআরএসই ওয়েবসাইট **www.grse.in** -এর **'ক্যারিয়র সেকশন'**-তে পাওয়া যাবে।

"In Pursuit of Excellence and Quality in Shipbuilding"
Visit us at: www.grse.in



**UNIVERSITY OF NORTH BENGAL**
**Office of the Registrar**
**P.O. N. B. U, Dist. Darjeeling, Pin-734013.**

Applications in the prescribed format are invited within **15.12.2021** from bonafide Indian citizens for filling - up of vacancies to the under mentioned teaching substantive posts :

**Assistant Professor** : Law-3 (SC-2, UR-1), Physics-1(ST-1), Zoology-2(UR-2), History-2(UR-2), Sociology-1(UR), DLLE-1(UR-1).

**Total** : 10 Posts

Detailed information, specialization, if any, qualification and Application Form will be available in the university portal **www.nbu.ac.in (Recruitment Section)**. **Those who have applied earlier in response to advt. no. 34/R-21 dated 07.09.2021 need not apply again.** Filled in Application Form, complete in all respects and signed by the candidate, along with requisite fees must be submitted online at www.nbu.ac.in on or before **15.12.2021**.

**Advt. No: 55/R-21, Dated : 01.12.2021** **Registrar (Offg.)**



**MDI** MURSHIDABAD | Management Development Institute

**ADMISSION INVITATION FOR PGDM (2022-24)**

**AICTE Approved 2-year full time residential Post Graduate Diploma in Management (PGDM)**

- 2nd Campus of MDI Society after MDI Gurgaon
- CRISIL Graded A** (National) & A*** (State) Business School in 2020 & 2021
- Awarded Businessworld Top Education Brands Award 2020- "Excellence and Innovation in Management"
- All the previous PGDM batches were placed successfully
- Attractive Freeship & Scholarship for North East Students
- 100% Finance through SBI Scholar Loan/CANARA Bank Vidya Turant scheme

**Admission through CAT 2021 for Indian nationals and through GMAT for PIO/OCI/Foreign nationals**

**Last date of online application:**
**Friday, 11th February 2022 (5 PM)**
For more information and online application, please visit **www.mdim.ac.in**
**Helpline: 8348021165 •Email: admissions@mdim.ac.in**



**ENTERPRISE DEVELOPMENT INSTITUTE**
**(Promoted by Bengal National Chamber of Commerce & Industry)**

***Admission going on at Short term training programmes***

● *Export Oriented Training on Floriculture, Horticulture and allied Products (5-weeks) [Madhyamik]* ● *Training on Hardware and Networking (2 Months) [Madhyamik +Basic Computer]* ● *Training in Solar products Business (2 Months) [Madhyamik]* ● *Advance Training on Spice Business (2 Months) [Madhyamik]* ● *Training on Security System (4-weeks) [Madhyamik]*

***Admission Open for Courses affiliated to Netaji Subhas Open University***

■ Advance Diploma in Export Import Management (1 Year) [Graduate] ■ Advance Diploma in Travel & Tourism (1 Year) [Graduate] ■ Diploma in Entrepreneurship Development and Small Business Management (1Year) [Higher Secondary] ■ Certificate in E-Accounting and Taxation with GST (6 Months) [Higher Secondary] ■ Certificate in Healthcare Management (6-month) [B.Sc/B.Pharm/D.Pharm] ■ Training on Digital Marketing (3-months) [Higher Secondary]

*For Course counselling and Admission procedure:*

**Please contact EDI at +919831941431 or**
*E-mail- edisaltlake@gmail.com* Website- www.edikolkata.org



**Ramakrishna Mission Shilpamandira**
**Community Training Centre**
313 G.T. Road, Belur Math, Howrah - 711 202

❖ Refrigeration Technician
❖ Motor Mechanic
❖ Industrial Fitter
❖ Electrical Technician

❖ Electrical House Wiring and Motor Re-Winding
❖ Refrigeration & Air Conditioning
❖ Home Appliances Repairing
❖ Solar Pannel Installation Technician
❖ CNC Operator
❖ Machinist
❖ Welding
❖ Smart Phone & TV Repairing
❖ Fitter & Pipe-Fitter
❖ Electric Vehicle Technician
❖ Automobile Mechanic

Skill India | NSDC | BLUE STAR BUILT ON TRUST

ভর্তি চলিতেছে

2654 8010
7685073804

Only Male যোগ্যতা - মাধ্যমিক Age Limit :- 30 Years



**রেড প্লাস ভোকেশনাল ট্রেনিং সেন্টার** 50 years RED PLUS SOCIETY

AFFILIATION NO : NCVRT/WB/4045/VTC

২২, বাঘাযতীন স্টেশন রোড, কোলকাতা - ৭০০ ০৩২

সেন্টার অফ হেল্‌থ এন্ড প্যারামেডিক্যাল সায়েন্স

— প্রধান কোর্সগুলি —

- সার্টিফিকেট ইন হসপিটাল নার্সিং এবং মিডওয়াইফারি
- সার্টিফিকেট ইন ডেন্টাল টেকনোলজি
- ডিপ্লোমা ইন মেডিক্যাল ল্যাবরেটরী টেকনোলজি
- সার্টিফিকেট ইন হোম কেয়ার নার্সিং
- সার্টিফিকেট ইন অপটোমেট্রি
- জি. এন. এম নার্সিং

ভর্তি চলছে | ভর্তি চলছে

বাঘাযতীন কেন্দ্র

*Affiliated to*

CENTRAL BOARD OF NCVRT NEW DELHI

NATIONAL COUNCIL OF VOCATIONAL AND RESEARCH TRAINING
Recognized by Govt. Of India

সমস্ত কোর্স হসপিটালের নিজস্ব ডিপার্টমেন্টে করানো হয়

যোগাযোগ - ২৯৩, বাঘাযতীন স্টেশন রোড কোলকাতা - ৭০০০৩২

**62922 64549 / 9903 370881**

redplusvtc2021@gmail.com

# কারেন্ট অ্যাফেয়ার্স

১০ নভেম্বর-১৬ নভেম্বর

**১০ নভেম্বর** টি-২০ বিশ্বকাপের প্রথম সেমিফাইনালে নিউজিল্যান্ড ৫ উইকেটে ইংল্যান্ডকে হারিয়ে ফাইনালে উঠল। ইংল্যান্ড প্রথমে ব্যাট করে নির্ধারিত ২০ ওভারে ৪ উইকেট হারিয়ে ১৬৬ রান তোলে। জবাবে ব্যাট করতে নেমে ১৯ ওভারেই ৫ উইকেট হারিয়ে ১৬৭ রানে পৌঁছে যায় নিউজিল্যান্ড। তাদের ম্যাচ জেতানোর নায়ক ড্যারিল মিচেল ৭২ রানে অপরাজিত থাকেন।

## ফৌজি বিমানে নেমে এক্সপ্রেসওয়ের উদ্বোধনে মোদী



**১৬ নভেম্বর:** উত্তরপ্রদেশের সুলতানপুরে ছয় লেনের পূর্বাঞ্চল এক্সপ্রেসওয়ের উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। ২২,৫০০ কোটি টাকা ব্যয়ে তৈরি এই এক্সপ্রেসওয়েতে সেনাবাহিনীর সি-১৩০ জে হারকিউলিস বিমানে অবতরণ করেন মোদী। উদ্বোধন, জনসভা এবং শেষে এই সড়কেই বায়ুসেনার বেশ কয়েকটি যুদ্ধবিমানও অবতরণ করে। উত্তরপ্রদেশ বিধানসভা নির্বাচনকে লক্ষ্য করে রাজ্যে যোগী আদিত্যনাথের নেতৃত্বে উন্নয়নের খতিয়ান যেমন দাখিল করেছেন মোদী তেমনই যুদ্ধবিমানের অবতরণ প্রসঙ্গে জানিয়েছেন, 'জরুরি অবস্থায় পূর্বাঞ্চল এক্সপ্রেসওয়ে বায়ুসেনার শক্তি হয়ে দাঁড়াবে।'

**১১ নভেম্বর** বিএসএফের কাজের এলাকা বাড়ানো-সংক্রান্ত কেন্দ্রীয় সরকারের সিদ্ধান্তের প্রতিবাদে বিল পাশ করল পাঞ্জাব বিধানসভা। কেন্দ্রের সিদ্ধান্ত প্রত্যাহারেরও দাবি জানানো হয়েছে বিলে। বিধানসভার বিশেষ অধিবেশনে এই প্রস্তাব পাশ করান পাঞ্জাবের উপমুখ্যমন্ত্রী সুখজিন্দর সিং রণধাওয়া। প্রস্তাব পাশ হওয়ার পর পাঞ্জাবের উপমুখ্যমন্ত্রী বলেন, কেন্দ্রের এই সিদ্ধান্ত রাজ্য পুলিশ ও পাঞ্জাবের জনগণের প্রতি অনাস্থার বহিঃপ্রকাশ।

**গোরক্ষপুরের বিআরডি মেডিকেল** কলেজের সাসপেন্ড হওয়া শিশুরোগ বিশেষজ্ঞ কাফিল খানকে বরখাস্ত করল সে রাজ্যের যোগী প্রশাসন। ২০১৭ সালের অগস্টে ওই হাসপাতালে অক্সিজেনের ঘাটতিতে ৭০ জন শিশুর মৃত্যু হয়। সেই ঘটনার পরেই খানকে সাসপেন্ড করা হয়। পরবর্তী সময়ে এক সিএএ বিরোধী সমাবেশে বক্তব্য রাখার অভিযোগে তাঁকে গ্রেপ্তার করে উত্তরপ্রদেশ প্রশাসন। শিশু মৃত্যুর ঘটনার সময়ে সাসপেন্ড হওয়া বাকি সাত চিকিৎসককে অবশ্য পরবর্তী সময়ে কাজে ফিরিয়ে নেওয়া হয়েছে। উল্লেখ্য, কাফিল খান আদালতে নির্দোষ প্রমাণিত হয়েছেন।

**টি-২০ বিশ্বকাপের দ্বিতীয় সেমিফাইনালে** পাকিস্তানকে বিধ্বস্ত করে ফাইনালে উঠল অস্ট্রেলিয়া। প্রথমে ব্যাট করে নির্ধারিত ২০ ওভারে ৪ উইকেট হারিয়ে পাকিস্তান ১৭৬ রান তোলে। অস্ট্রেলিয়া ১৯ ওভারেই ৫ উইকেট হারিয়ে ১৭৭ রান তুলে ফেলে। ১৯তম ওভারের শেষ তিন বলে শাহিন আফ্রিদিকে তিন ছক্কা মেরে জয় আনলেন ম্যাথু ওয়েড। ১৭ বলে ৪১ রানের অপরাজিত ইনিংস খেলে ওয়েডই সেমিফাইনালের সেরা।

**১২ নভেম্বর** বৈদেশিক নিরাপত্তার দিক দিয়ে চিনই ভারতের সব থেকে বড় চিন্তা বলে স্বীকার করে নিলেন ভারতের চিফ অব ডিফেন্স স্টাফ বিপিন রাওয়াত। তাঁর এই মন্তব্যের পরই বিভিন্ন সূত্র থেকে জানা গিয়েছে চিন সেনা ফের পূর্ব লাদাখে প্যাংগং লেক সংলগ্ন এলাকার দুর্গম পার্বত্য অঞ্চল 'ব্ল্যাক টপ'-এর মাথায় পৌঁছে গিয়েছে। সেখানে ঘাঁটি তৈরি করে সেখান থেকে ভারতীয় সেনাদের গতিবিধি চিন সহজেই নজর করতে পারবে। তবে জেনারেল রাওয়াত এও জানিয়েছেন সীমান্ত অঞ্চলে যে-কোনও ধরনের পরিস্থিতির জন্য ভারতীয় সেনারা প্রস্তুত রয়েছেন।

**বিশ্ব স্বাস্থ্য সংস্থা (হু)-এর পর এবার** কোভ্যাক্সিনকে সিলমোহর দিল বিজ্ঞানের আন্তর্জাতিক জার্নাল 'দ্য ল্যান্সেট'। ভারত বায়োটেক ও আইসিএমআর আগেই দাবি করেছিল তাদের যৌথ উদ্যোগে তৈরি কোভ্যাক্সিন করোনার বিরুদ্ধে লড়াইয়ে প্রায় ৭৮ শতাংশ কার্যকর। সম্প্রতি ল্যান্সেটে প্রকাশিত একটি গবেষণাপত্রও তাতেই সিলমোহর দিল। ওই গবেষণাপত্রটি বলছে, ভারতীয় এই টিকা করোনা প্রতিরোধে ৭৭.৮ শতাংশ ক্ষেত্রে সফল।



“মোদীজির কাছে শুধু তাঁর বন্ধু শিল্পপতিদের নম্বর রয়েছে। আমাদের কাছে শহিদ কৃষকদের নাম এবং নম্বরও রয়েছে। প্রধানমন্ত্রী শুধু নিজের ভাবমূর্তি আর কুর্সি নিয়েই চিন্তিত। ওঁদের ঔদ্ধত্য সীমাহীন।”

**রাহুল গান্ধী**, *কংগ্রেস নেতা ও সাংসদ*

কৃষক আন্দোলনে মৃতদের কোনও তথ্য সরকারের কাছে নেই বলে সংসদে সরকার পক্ষের বিবৃতির জবাবে

## প্রয়াত ফ্রেডেরিক ক্লার্ক



**১১ নভেম্বর:** দক্ষিণ আফ্রিকার শেষ শ্বেতাঙ্গ প্রেসিডেন্ট ফ্রেডেরিক উইলিয়ম দি ক্লার্ক (৮৫) প্রয়াত হলেন। তিনিই নেলসন ম্যান্ডেলাকে বন্দিদশা থেকে মুক্তি দিয়েছিলেন। কিংবদন্তি নেতা ম্যান্ডেলার সঙ্গে আলোচনার ভিত্তিতেই দক্ষিণ আফ্রিকায় বর্ণবিদ্বেষী শাসনের অবসান ঘটিয়েছিলেন ক্লার্ক। তাঁর হাত ধরেই প্রেসিডেন্ট পদে বসেছিলেন ম্যান্ডেলা। দল বর্ণবিদ্বেষী নীতিতে বিশ্বাসী হলেও ক্লার্ক তার অবসান ঘটানোর নীতি নিয়েছিলেন। ১৯৮৩ সালে ম্যান্ডেলার সঙ্গে ক্লার্কও নোবেল শান্তি পুরস্কারে ভূষিত হন।

**১৩ নভেম্বর** মহারাষ্ট্রের গড়চিরৌলিতে কমপক্ষে ২৬ জন মাওবাদী পুলিশের সঙ্গে সংঘর্ষে নিহত হয়েছে। লড়াইয়ের পর পুলিশ সুপার অঙ্কিত গোয়েল জানান, নিহত মাওবাদীদের পরিচয় নিশ্চিত করা যায়নি। তবে সূত্রের খবর নিহতদের মধ্যে ভীমা কোরেগাঁও মামলার অন্যতম অভিযুক্ত মিলিন্দ তেলতুম্বে রয়েছেন।

**টিকা বৈষম্য নিয়ে আবার সরব হলেন** বিশ্ব স্বাস্থ্য সংস্থা (হু)-এর প্রধান টেড্রস অ্যাডানম গেব্রিয়েসাস। তাঁর মতে করোনার বুস্টার ডোজ নিয়ে বিশ্বের একটা অংশে যে বাড়াবাড়ি চলছে তা আসলে দুর্নীতিই। হু প্রধানের দাবি বিশ্বের একটা বড় অংশ বিশেষত দরিদ্র দেশগুলির নাগরিকরা যখন টিকার প্রথম ডোজ পেতেই হিমশিম খাচ্ছেন, সেই পরিস্থিতিতে দেদার বুস্টার ডোজ নেওয়া চলছে অপর একাংশে।

## দিল্লির দূষণ নিয়ে সুপ্রিম কোর্টের ভর্ৎসনা



**১৩ নভেম্বর:** দিল্লির দূষণ পরিস্থিতি নিয়ে কেন্দ্র ও দিল্লির সরকারকে আবারও ভর্ৎসনা করল সুপ্রিম কোর্ট। প্রধান বিচারপতি এন ভি রমানার নেতৃত্বাধীন বেঞ্চ প্রশ্ন তুলেছে, 'আপনারা দূষণের জন্য চাষিদের দায়ী করছেন। কিন্তু চাষিদের নাড়া পোড়ার ব্যাপারটা কিছুটা দূষণ ঘটায়। বাকি বাজি ফাটানো, গাড়ি, কলকারখানার দূষণ? চাষিদের দোষারোপ করা এখন ফ্যাশন হয়ে দাঁড়িয়েছে। আপনারা বলুন দিল্লির এয়ার কোয়ালিটি ইনডেক্স (একিউআই) ৫০০ থেকে ২০০-তে নামানোর জন্য সরকার কী করেছে?' এরপরই দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়াল আশ্বাস দিয়েছেন, দূষণ নিয়ন্ত্রণে দিল্লি জুড়ে লকডাউনের চিন্তাভাবনা করছে তাঁর প্রশাসন।

**১৪ নভেম্বর** দেশের দুই কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা সিবিআই ও ইডি-র অধিকর্তাদের কার্যকালের মেয়াদ বাড়িয়ে পাঁচ বছর করা হল। এই মর্মে দু'টি অর্ডিন্যান্স বা অধ্যাদেশ জারি করেছে কেন্দ্রীয় সরকার। সেখানে বলা হয়েছে, এতদিন দু'বছর ছিল সংশ্লিষ্ট এজেন্সির অধিকর্তাদের কার্যকালের মেয়াদ। রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ ইতিমধ্যেই ওই দুই অর্ডিন্যান্সে সই করে দিয়েছেন। যে ভাবে সংসদের অধিবেশনকে এড়িয়ে অর্ডিন্যান্স আনা হয়েছে, তার তীব্র সমালোচনা করেছে বিরোধী শিবির।

## হাসান আজিজুল হক প্রয়াত



**১৫ নভেম্বর:** বাংলাভাষার প্রখ্যাত সাহিত্যিক হাসান আজিজুল হক (৮২) প্রয়াত হলেন। তাঁর জন্ম পশ্চিমবাংলার বর্ধমানের যবগ্রামে। ম্যাট্রিক পর্যন্ত এপার বাংলাতেই পড়াশোনা করেছেন বাংলাদেশের সর্বোচ্চ সম্মানপ্রাপ্ত সাহিত্যিক। রাজশাহী বিশ্ববিদ্যালয়ের দর্শনের প্রাক্তন অধ্যাপক রাজশাহীতে নিজের বাড়িতেই শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। ১৯৯৯ সালে একুশে পদক ও ২০১৯ সালে বাংলাদেশ সরকার তাঁকে স্বাধীনতা পুরস্কারে ভূষিত করে। ২০০৮ সালে 'আগুন পাখি' উপন্যাসের জন্য এপার বাংলা থেকে পেয়েছেন আনন্দ পুরস্কার। ওই বছরই তাঁকে সারা জীবনের সাহিত্যচর্চার স্বীকৃতি স্বরূপ 'সাহিত্য রত্ন' পুরস্কার দেয় বাংলাদেশ সরকার।

**সংসদের শীতকালীন অধিবেশনের আগে** নেহরু জন্মজয়ন্তীতে বড় বিতর্কে জড়াল কেন্দ্রীয় সরকার। এদিন দেশের প্রথম প্রধানমন্ত্রী পণ্ডিত জওহরলাল নেহরুর জন্মবার্ষিকীতে সংসদের সেন্ট্রাল হলে তাঁর প্রতিকৃতিতে মাল্যদানের অনুষ্ঠানে অনুপস্থিত থাকলেন সব কেন্দ্রীয় মন্ত্রী। তালিকায় ছিলেন লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা, রাজ্যসভার চেয়ারম্যান বেঙ্কাইয়া নাইডুও। কংগ্রেস এবং অন্য রাজনৈতিক দলের প্রতিনিধিরা অবশ্য মাল্যদান করেন।

**ইকুয়েডরের একটি জেলে দুই গোষ্ঠীর** মধ্যে সংঘর্ষের জেরে অন্তত ৬৮ জন বন্দির মৃত্যু হয়েছে বলে দাবি জেল কর্তৃপক্ষের। সে দেশের গুয়াকিল শহরের লিটোরাল পেনিটেনশিয়ারি জেলে মাসখানেক আগেই দুই গোষ্ঠীর সংঘর্ষে শতাধিক বন্দির প্রাণ গিয়েছিল। সেবার এক দুষ্কৃতী গোষ্ঠীর নেতাকে ছেড়ে দেওয়ার প্রতিবাদে আর এক গোষ্ঠী মারমুখী হয়ে ওঠে। সাম্প্রতিক সংঘর্ষের কারণ অবশ্য বিস্তারিত ভাবে জানাননি জেল কর্তৃপক্ষ।

**১৫ নভেম্বর** দেশজুড়ে আইনজীবীদের একাংশের প্রতিবাদ উপেক্ষা করে মাদ্রাজ হাইকোর্টের প্রধান বিচারপতি সঞ্জীব বন্দ্যোপাধ্যায়কে মেঘালয় হাইকোর্টে বদলি করা হল। ভারতীয় বিচার ব্যবস্থায় বিচারপতি বন্দ্যোপাধ্যায়ের মতো ঋজু ও নির্ভীক একজনের এ ধরনের বদলির সুপারিশ সামনে আসার পর থেকেই সর্বভারতীয় ক্ষেত্রে প্রশ্ন উঠেছে। কেন্দ্রে ক্ষমতাসীনদের অপছন্দের কারণেই এই বদলি কিনা সে প্রশ্ন তুলেছেন আইনজীবী ও বুদ্ধিজীবী মহলের একাংশ।

**অর্ডিন্যান্স জারি করে ইডি ও সিবিআই** অধিকর্তাদের কার্যকালের মেয়াদ বাড়ানোর পর, এবার গেজেট নোটিফিকেশনের মাধ্যমে বাড়িয়ে দেওয়া হল প্রতিরক্ষাসচিব, স্বরাষ্ট্রসচিব, র (RAW) প্রধান ও আইবি প্রধানের কার্যকালও। তবে এই মেয়াদ বৃদ্ধি কখনওই ২ বছরের বেশি হবে না। সংবিধানের ৩০৯ ধারা প্রয়োগ করে এই বদল আনা হয়েছে। সংসদকে এড়িয়ে অধ্যাদেশ জারি করে কেন এই বদল আনা হল বিরোধীরা সেই প্রশ্ন তুলেছেন।

**১৬ নভেম্বর** কলকাতা হাইকোর্টে বিচারপতির সংখ্যা বাড়ল। তিনজনকে নতুন বিচারপতি হিসেবে নিয়োগে কেন্দ্র সবুজ সঙ্কেত দিয়েছে। ফলে কলকাতায় ৭২টি অনুমোদিত পদে বর্তমানে বিচারপতির সংখ্যা বেড়ে দাঁড়াল ৩৮। আন্দামান সার্কিট বেঞ্চে হাইকোর্টের আইনজীবী হিসেবে কর্মরত কৃষ্ণ রাও এবং দুই জুডিসিয়াল অফিসার বিভাসরঞ্জন দে ও অজয় মুখোপাধ্যায়কে বিচারপতি হিসেবে নিয়োগে ছাড়পত্র দিয়েছে কেন্দ্র।

**বিএসএফের এক্তিয়ার বৃদ্ধির বিরোধিতায়** পশ্চিমবঙ্গ বিধানসভায় সরকারি প্রস্তাব ১১২-৬৩ ভোটে পাশ হয়ে গেল। এই প্রস্তাব পাশ করে নরেন্দ্র মোদী সরকারের নির্দেশিকা প্রত্যাহারের দাবি তুলেছে রাজ্যের শাসক দল। এ বিষয়ে সংবিধানের সপ্তম অনুচ্ছেদকে লঙ্ঘন করার অভিযোগ তোলা হয়েছে। যুক্তরাষ্ট্রীয় কাঠামোয় আঘাত হেনে বিএসএফের ক্ষমতা বৃদ্ধি করে পিছনের দরজা দিয়ে রাজ্যে ক্ষমতা দখলের চেষ্টা করা হচ্ছে বলে পরিষদীয় মন্ত্রী পার্থ চট্টোপাধ্যায় সরাসরি অভিযোগ করেছেন।

## আমেরিকাকে পিছনে ফেলে বিশ্বে সবচেয়ে ধনী এখন চিন



**১৬ নভেম্বর:** আমেরিকাকে পিছনে ফেলে বিশ্বের সবচেয়ে ধনী দেশ এখন চিন— সাম্প্রতিক একটি সমীক্ষায় সামনে এল এই তথ্য। কোভিড-কালে বিশ্বের সমস্ত দেশের অর্থনীতিতেই প্রবল প্রভাব পড়লেও ব্যতিক্রম চিন। করোনার সময় বিশ্বের দশটি দেশের আয়-ব্যয় তথা সামগ্রিক অর্থনৈতিক অবস্থা নিয়ে সমীক্ষা চালিয়েছিল নাম-করা আন্তর্জাতিক সংস্থা ম্যাকিনসে। সংস্থাটি জানিয়েছে গত দু'দশকে বিশ্ব সম্পদ বৃদ্ধির এক-তৃতীয়াংশই হয়েছে চিনের দৌলতে। ২০০০ সালে চিনের মোট সম্পদ যেখানে ছিল মাত্র ৭ ট্রিলিয়ন ডলার, সেখানে ২০২০ সালে তা বেড়ে হয়েছে ১২০ ট্রিলিয়ন ডলার। এখানেই চিন টেক্কা দিয়েছে আমেরিকাকে। কারণ ওই একই সময়কালে আমেরিকার সম্পদ বেড়ে হয়েছে ৯০ ট্রিলিয়ন ডলার।

## ওয়ার্নার-মার্শের ব্যাটের দাপটে বিশ্বজয় অজিদের




**১৪ নভেম্বর:** দুবাইয়ে টি-২০ বিশ্বকাপ জিতল অস্ট্রেলিয়া। ফাইনালে নিউজিল্যান্ডকে ৮ উইকেটে হারিয়ে কাপ জিতল তারা। নিউজিল্যান্ড প্রথমে ব্যাট করে নির্ধারিত ২০ ওভারে ৪ উইকেট হারিয়ে ১৭২ রান তোলে। অস্ট্রেলিয়া ১৮.৫ ওভারে ২ উইকেট হারিয়েই ১৭৩ রানে পৌঁছে যায়। এবারও কিউয়ি অধিনায়ক কেন উইলিয়ামসনের বিশ্বকাপ জেতা হল না। ৮৫ রানের দুর্দান্ত ইনিংস খেলেও জয়ী হতে পারলেন না তিনি। সাদা বলে টানা তিনটি বিশ্বকাপ ফাইনালে হার মানতে হল নিউজিল্যান্ডকে। শুধু তাই নয় বিশ্বকাপের লড়াইয়ে অজিদের সঙ্গে কিউয়িদের হারের ফলাফলটা দাঁড়াল ৫-০। অস্ট্রেলীয় ইনিংসে এদিন নিজের সেরাটা তুলে আনলেন ডেভিড ওয়ার্নার। খেললেন ৩৮ বলে ৫৩ রানের ইনিংস। সিরিজের সেরা হলেন তিনি। অন্যদিকে, ৫০ বলে ৭৭ অপরাজিত থেকে ম্যাচের সেরা মিচেল মার্শ।

# গড়ে তুলুন নিজেকে

স্নাতক বা স্নাতকোত্তর স্তরে পড়াশোনা শেষ করেই মনে হয় এবারে একটা চাকরি চাই। কেউ কেউ উচ্চমাধ্যমিক দিয়েই চাকরির জন্য খোঁজখবর শুরু করে। কিন্তু শুধু সিলেবাস ধরে পড়াশোনা করলেই চাকরির বাজারের জন্য সম্পূর্ণ উপযুক্ত হওয়া যায় না। দরকার আরও কিছু। আধুনিক কাজের জগৎ ঠিক কী চাইছে? কীভাবে নিজেই নিজেকে উপযুক্ত করে গড়ে তুলবেন আধুনিক এই কর্মজগতের জন্য? এই নিয়েই এই বিভাগ। বিভিন্ন নামী সরকারি-বেসরকারি সংস্থার ব্যস্ত পেশাদাররা জানাচ্ছেন তাঁদের নিজেদের গড়ে ওঠার কথা, পরামর্শ দিচ্ছেন কীভাবে আপনারাও নিজেদের গড়েপিটে নেবেন দ্রুত বদলাতে থাকা এই কর্মজগতের জন্য।

## গতানুগতিকতার বাইরে ভাবনাচিন্তা করো



তথাগত মুখোপাধ্যায়
সিনিয়র ম্যানেজার
ইকুইরাস ওয়েলস
(একটি সর্বভারতীয় ফিনান্স সংস্থা)

ইন্টারভিউয়ের সময় একটি জটিল অবস্থা তৈরি করে, প্রার্থীকে চাপের মধ্যে রেখে দেখা হয় পরিস্থিতি সামলে নেওয়ার ক্ষমতা প্রার্থীর আছে কিনা। একটু আগে প্রার্থী যে-প্রশ্নের উত্তর দিয়েছিল, সেটাই অনেক সময় ঘুরিয়ে আবার জানতে চাওয়া হয়। এর থেকে বুঝতে পারি উত্তরগুলো সে মুখস্থ করে বা বানিয়ে বলছে, নাকি জেনে-বুঝে আত্মবিশ্বাস নিয়েই উত্তর দিচ্ছে। জেনে-বুঝে বললে, ঘুরিয়ে জিজ্ঞেস করা প্রশ্নেরও আগের মান বজায় রেখেই উত্তর দিতে পারবে। না হলে ইতস্তত করবে।

প্রশ্নের উত্তর দেওয়ার সময় উদ্ভাবনী দক্ষতা তোমায় অন্যদের থেকে আলাদা করবে। স্কুল-কলেজের শেখা আর কাজের জায়গার বাস্তবতার মধ্যে আকাশপাতাল তফাত। প্রত্যেকটা কাজই আলাদা, পরিস্থিতিও আলাদা। তাই তোমাকে চেনা ছকের বাইরে ভাবতেই হবে, গতানুগতিকতার বাইরে বেরোতেই হবে, ইংরেজিতে যাকে বলে 'আউট অব দ্য বক্স'। এর জন্য বইয়ের পড়ার বাইরেও নিজেকে ক্রমাগত ঘষামাজা করতে হবে। দৈহিক ভঙ্গি



ইন্টারভিউয়ের খুব জরুরি একটা অংশ। ভালো উত্তর দিলেও দেহভঙ্গিতে যদি আত্মবিশ্বাসের অভাব থাকে, তাহলে অন্য যে-ছেলে বা মেয়েটি সাবলীল ভাবে একই উত্তর দিল তার দিকেই ইন্টারভিউয়ারদের পক্ষপাত বেশি হবে।

এই প্রসঙ্গে বলি, বছরখানেক আগে একটি ছেলে ইন্টারভিউ দিতে এসেছিল। সর্বভারতীয় ফিনান্স সংস্থায় চাকরির আবেদন নিয়ে এসেছে, যদিও সে নিজে ইংরেজি ভাষায় স্নাতকোত্তর। তবে, নিজের বিষয়, সাধারণ জ্ঞান, সাম্প্রতিক তথ্য সম্পর্কে তার জ্ঞান এতটাই গভীর যে, আমরা তাকে প্রশিক্ষণ দিয়ে চাকরিতে বহাল করি। সাহিত্য সম্পর্কিত প্রশ্নের উত্তরে সে এত সুন্দর ভাবে বুঝিয়েছিল যে, বিষয়ের লোক না হওয়া সত্ত্বেও তার আগ্রহ, জ্ঞান, শেখার ইচ্ছেটাই ইন্টারভিউয়ারদের কাছে মুখ্য হয়ে ওঠে। যে-কোনও বিষয়ই সে এই ভাবে শিখে নিতে পারবে, তার সম্পর্কে আমাদের এই বিশ্বাস গড়ে উঠেছিল।

সব ক্ষেত্রেই নিজেকে কী ভাবে অন্যের সামনে উপস্থাপন করছ, সেটা খুব গুরুত্বপূর্ণ বিষয়। ভালো পোশাক পরেছ বা ভালো ইংরেজি বলতে জানো, তাহলেই ভালো ইন্টারভিউ হবে, তা কিন্তু নয়। ইন্টারভিউ মানে, সামনের মানুষটির কাছে তুমি তোমার দক্ষতা কী ভাবে পেশ করছ, তার মনে কতটা ছাপ ফেলতে পারছ। সেটাই বাকি ঘাটতি অনেকটা পুষিয়ে দেয়।

### শেখার ইচ্ছেই উন্নতির মূলে

আমি এখানে স্নাতক পর্ব শেষ করে বিদেশে চলে যাই। গ্লাসগো বিশ্ববিদ্যালয় থেকে ফিনান্স নিয়ে স্নাতকোত্তর করে এরপর ইংল্যান্ডেই চাকরি শুরু করি। ব্রিটিশদের দেশে জায়গা করে নিতে, তাদের পাশে দাঁড়িয়ে কাজ করার যোগ্যতা প্রমাণ করতে হয়েছে। আবার দেশে ফিরে আসার পর নতুন করে অন্য একটা কাজের পরিবেশে নিজেকে উপযুক্ত করে নেওয়ার প্রক্রিয়া শুরু হল। কিন্তু কোথাও সমস্যা হয়নি একটাই কারণে— শেখার ইচ্ছে। শেখা সম্পূর্ণ হয়ে গিয়েছে, এটা কখনও ভেবো না। যত শিখবে, ততই নিজেকে আরও সুন্দর করে তৈরি করতে পারবে।

## সমাজসেবা এবং উপার্জন দুই-ই করুন একসঙ্গে

*প্রথম পাতার পর*

বাসিন্দা তিনি, ছোট থেকে দেখেছেন, সুন্দরবনের মানুষ বারেবারে প্রাকৃতিক ও নানাবিধ বিপর্যয়ের মুখে পড়েন। সেই সময় এই বদ্বীপের মানুষের পাশে এসে দাঁড়ায় বেশ কিছু স্বেচ্ছাসেবী সংস্থা। কিছুদিন কাজ করার পরে পরিস্থিতি স্বাভাবিক হলে তাঁরা চলে যান। এতে সাময়িক সাহায্য হলেও সুন্দরবনের দুর্বল স্বাস্থ্য-পরিষেবা, অশিক্ষা, দারিদ্র ও কর্মসংস্থানের কোনও স্থায়ী সমাধান হয় না। সমস্যা থেকে দূরে না গিয়ে স্থায়ী সমাধানের পথই একদিন খুঁজতে শুরু করেছিলেন নীলোৎপল।

তিনি শুরু করেন সুন্দরবনের গ্রামীণ শিশুদের শিক্ষিত করার কাজ। সন্দেশখালি থানার শীতলিয়া গ্রামের বর্মণপাড়ায় শুরু হয় অস্থায়ী ছাউনি দেওয়া ছোট্ট পাঠশালা, 'আনন্দ নিকেতন'। এখন সে পাঠশালায় পড়ুয়ার সংখ্যা প্রায় ৫০। প্রাক-প্রাথমিক থেকে চতুর্থ শ্রেণি পর্যন্ত পড়াশোনা হয়। রয়েছে নাচ আর গান শেখার ব্যবস্থাও। সঙ্গে মেলে টিফিন। এই পাঠশালায় পড়ার জন্য ফি দিতে হয় না, তবে, জমা দিতে হয় প্লাস্টিক। ইতিমধ্যে পাঠশালায় প্রায় ৮০ হাজার প্লাস্টিকের বোতল জমা হয়েছে। যার ফলে, প্লাস্টিক-মুক্ত গ্রাম গড়তে অনেকটাই সফল হয়েছেন নীলোৎপল ও তাঁর সঙ্গীরা। নীলোৎপল জানান, ইটের পরিবর্তে জমা হওয়া প্লাস্টিক ব্যবহার করে একটি গ্রন্থাগার ও একটি ঘর তৈরির পরিকল্পনা রয়েছে তাঁদের। এই মাসেই জটিরামপুরের পাখিরালয়ে (গোসাবা, সুন্দরবন) একটি ভাড়া করা মাটির বাড়িতে খুলতে চলেছে 'আনন্দ নিকেতন' পাঠশালার নতুন শাখা। থাকবেন দুজন শিক্ষক। ভর্তি করা হবে ৩০ জন শিক্ষার্থীকে, যাদের বাবা-মা হয় দৈনিক মজুরির উপর নির্ভরশীল আদিবাসী শ্রমিক অথবা মাছ ধরা, কাঁকড়া সংগ্রহ, মধু সংগ্রহ ইত্যাদি কাজের সঙ্গে যুক্ত। শিক্ষার্থীদের খাতা-পেন-পেনসিলও জোগাবেন নীলোৎপলরাই।

সামাজিক উদ্যোগে নীলোৎপল পাশে পেয়েছেন বোন মীরা, বন্ধু সায়ন মহম্মদ-সহ সমভাবাপন্ন স্থানীয় মানুষজনকে। সুন্দরবন এলাকায় তাঁরা গড়ে তুলেছেন সমাজসেবামূলক প্রতিষ্ঠান, 'শীতলিয়া মা সোশ্যাল ওয়েলফেয়ার সোসাইটি'।

শিশুদের শিক্ষাদানের কাজ করতে গিয়েই নীলোৎপল বুঝতে পারেন, বাচ্চারা তখনই ঠিক মতো পড়াশোনা করতে পারবে, যখন তাদের পরিবারের আর্থিক অবস্থা জীবনযাপনের উপযোগী হবে। কারণ, অল্প বয়স থেকেই তাদের বাড়ির কাজ বা উপার্জনের সঙ্গে জড়িত কাজকর্মে জড়িয়ে পড়তে হয়। বিশেষ করে বাচ্চাদের মায়েরা আর্থিক ভাবে স্বনির্ভর হলে সংসারে অর্থের জোগান বাড়ে, একইসঙ্গে মহিলাদের মতামতের গুরুত্বও বাড়ে। এই ভাবনা থেকেই সোসাইটি গ্রামীণ মহিলাদের জন্য বিভিন্ন ধরনের কুটিরশিল্পের প্রকল্প হাতে নেয়। তাঁদের শেখানো হয় কাঁথা, আসন, ব্যাগ তৈরি, বড়ি দেওয়া, আচার তৈরি ইত্যাদি। গ্রামীণ মহিলাদের তৈরি এই সব সামগ্রীই ন্যায্য মূল্যে কিনে নেয় সোসাইটি। একই সঙ্গে সোসাইটির প্রকল্পের আওতায় আনা হয়েছে গ্রামের চাষি এবং কৃষক সমবায়গুলিকেও। চাষিদের কাছ থেকে সরাসরি ফসল কিনে নিয়ে সেগুলি বাজারজাত করার কাজে সাহায্য করছে সোসাইটি। খেজুররস সংগ্রহকারী ও গুড় নির্মাতাদের সঙ্গে সমন্বয় রেখে নলেন গুড়, পাটালি গুড়ও বিক্রি করছে তারা। এই ভাবে ঢেঁকিছাঁটা চাল, কামিনীভোগ চাল, গাওয়া ঘি, বড়ি, মাটির জিনিস, তিলের তেল, মহিলাদের তৈরি কাঁথা, আসন, ব্যাগ, এমনকী সুন্দরবনের খাঁটি মধুও বিক্রি করছে এই সংস্থা। উৎপাদিত সামগ্রীর মানের প্রতিও কড়া নজর রাখেন সোসাইটির সদস্যরা। গুড়ের ক্ষেত্রে যেমন মাঝরাতে রস সংগ্রহ থেকে শুরু করে গুড় তৈরির পুরো কাজটা তদারকি করার জন্য সোসাইটির সদস্যরা উপস্থিত থাকেন। এমনকী গোটা প্রক্রিয়া ভিডিও রেকর্ডিং করা হয়।

সোসাইটির কাজে নানা ভাবে লাভবান হচ্ছেন গ্রামের ছোট চাষি ও উৎপাদকরাও। যাঁদের ছোট জমি বা খুবই অল্প সংখ্যক খেজুরগাছ, তাঁরা কখনও ব্যবসা বাড়ানোর কথা বা বড় বাজার ধরার কথা ভাবতেও পারেননি। হয়তো স্থানীয় ভাবে বিক্রি করতেন, যথাযথ দাম মিলত না। সোসাইটি এমন অনেক ছোট উৎপাদকের কাছ থেকে জিনিস কিনে বাজারজাত করছে। বিক্রির প্রক্রিয়াটি অনেক সুষ্ঠু ভাবে হচ্ছে, উৎপাদকরা যথাযথ দামও পেয়ে যাচ্ছেন। নীলোৎপল জানালেন, 'গত বছর আমরা মৌলেদের (মধু সংগ্রাহকদের স্থানীয় নাম) কাছ থেকে সরাসরি কেনা ৯০০ কেজি মধু বিক্রি করতে পেরেছিলাম। বিক্রির টাকায় গঠিত তহবিল থেকে এবার সুন্দরবনে মধু, মাছ, কাঁকড়া সংগ্রহ করতে গিয়ে নিহত ব্যক্তিদের পরিবার এবং কাঁকড়া ও মীন (বাগদা) ধরে জীবনধারণ করা গরিব পরিবারের ছেলেমেয়েদের পড়াশোনায় সাহায্য করা হবে।' উল্লেখ্য, সুন্দরবনে প্রতি বছরই বেশ কিছু মানুষ নদীতে মাছ, জঙ্গলে কাঠ এবং গাছ থেকে মধু সংগ্রহ করতে গিয়ে কুমির, বাঘ বা সাপের আক্রমণে মারা যান।

সোসাইটির ব্যবস্থাপনায় সুন্দরবনের গ্রামীণ মানুষের তৈরি জিনিসপত্র ক্যুরিয়ারে পৌঁছে যাচ্ছে ক্রেতার কাছে। শুধু কলকাতার অলিগলিতে নয়, রাজ্যের নানা প্রান্তে, এমনকী দিল্লি, বেঙ্গালুরু, মুম্বইয়ের মতো ভিন রাজ্যের শহরেও। জনসংযোগের পুরো কাজটাই চলে সোশ্যাল মিডিয়ার মাধ্যমে।

সম্প্রতি নীলোৎপলরা ম্যানগ্রোভ লাগানোয় জোর দিয়েছেন। এর জন্য গড়ে তোলা হয়েছে 'মা নার্সারি'। সুন্দরী, বাইন, গর্জন, কাঁকড়া, বকুল, গরান, মঠ, ধুধুল, কেওড়া, খলিশার প্রায় ১ লক্ষ চারা তৈরি করা হয়েছে। এগুলো ব্যক্তিগত ভাবে বা সাংগঠনিক ভাবে কিনে সুন্দরবনে রোপণ করতে চাইলে সোসাইটি তাঁদের অনেক কম দামে দেবে। সঙ্গে সৌজন্য স্বীকারের শর্তে কিছু চারা বিনামূল্যেও দেওয়া হবে। বিক্রির লভ্যাংশ মা সোশ্যাল ওয়েলফেয়ার সোসাইটিকে দেওয়া হবে বলে জানালেন সোসাইটির অন্যতম কর্মকর্তা, পেশায় আইজীবী সায়ন মহম্মদ। যে কোনও স্কুলের কর্তৃপক্ষ বা অভিভাবকরা ছাত্রছাত্রী ও সন্তানদের সুন্দরবনের বিভিন্ন প্রজাতির ম্যানগ্রোভ চেনাতে চাইলে সোসাইটির 'মা সুন্দরবন ট্যুর প্যাকেজ'-এর সুবিধা নিতে পারেন বলেও জানান সায়ন।

### সোসাইটির সঙ্গে আপনিও যুক্ত হতে পারেন

শীতলিয়া মা সোশ্যাল ওয়েলফেয়ার সোসাইটির সঙ্গে যুক্ত হয়ে আপনিও নানা কাজ করতে পারেন। শুধু সুন্দরবন নয়, যে-কোনও গ্রামে মহিলা বা পুরুষরা যদি কর্মসংস্থানের জন্য পরামর্শ চান তা হলে এই সোসাইটি পরামর্শ দিয়ে এবং পরিকাঠামো তৈরি করে সাহায্যের হাত বাড়িয়ে দেবে। 'আমরা প্রথমে দেখে নেব গ্রামের অবস্থান, সেই গ্রামের মেয়েরা বা পুরুষরা কী-কী কাজ করতে পারবেন, তারপর গোষ্ঠী তৈরি করে একটা পরিকল্পনা নেওয়া যাবে', জানালেন সায়ন। এছাড়া সোসাইটির থেকে পাইকারি দরে জিনিসপত্র কিনে যে-কেউ ব্যবসা করতে পারেন।

### কীসের ব্যবসা

নলেন গুড়, পাটালি গুড়, ঢেঁকিছাঁটা চাল (দুধেশ্বর, ঘিয়োশ, পঙ্কজ), গোবিন্দভোগ চাল, কামিনীভোগ চাল, ঢেঁকিছাঁটা চিঁড়ে, ঘানিতে তৈরি তিলের তেল, ঘি (দেশি গরুর দুধ থেকে হাতে ঘোল টেনে মাখন তুলে উনুনে বানানো হয়) কলাইয়ের ডাল, মেয়েদের হাতে তৈরি বিভিন্ন ধরনের ব্যাগ, দেশি মুড়ি, বিভিন্ন ধরনের বড়ি, মাটির জিনিস— এই সবই বিক্রি করে শীতলিয়া মা সোশ্যাল ওয়েলফেয়ার সোসাইটি। লাভের ৫০ শতাংশ সোসাইটি সমাজসেবামূলক কাজে ব্যবহার করে। **যোগাযোগ ও হোয়াটসঅ্যাপ নম্বর:** ৬২৯১১-৩৩৬৩৫ (নীলোৎপল), ৮২৯৬৪-৪৭৬৯৩ (সায়ন)। ফোন করার সময়: সন্ধে ৬টা থেকে ৯টা পর্যন্ত।

ADMISSIONS OPEN
MICA PGP (PGDM-C/PGDM)
MICAT 2 ADMISSION TEST FOR 2022-2024
APPLICATION LAST DATE
JAN 16, 2022
MICA PGP Offers Specializations in:
- Advertising & Brand Management
- Digital Communication Management
- Marketing Analytics
- Media & Entertainment Management
Admissions open for MICA's CCC and FPM programmes
MICA THE SCHOOL OF IDEAS
WHERE MANAGEMENT MEETS CREATIVITY

B.P. PODDAR HOSPITAL
NEW ALIPORE, KOLKATA
Multi-Speciality Hospital is LOOKING for
- Biomedical Engineer (Sr. Manager/Manager/Executive)
M.Tech / B.Tech / BE with relevant experience.
- TPA (Manager/Executive)
3-5 years of experience in hospital mediclaim department.
- Marketing Executive
Presentable Graduate, Fresher / Experienced residence from bellow mentioned district & mast have two wheelers.
South 24 Parganas, North 24 Parganas, Howrah, Hooghly, Bardhaman, Medinipur, Bankura & Purulia.
- Graphics & UI Designer, Motion Graphics
Minimum Experience : 2-3 years
Software Requirements : Photoshop, Illustrator, CorelDraw, Adobe After Effects, Premier, Adobe XD, Conceptual Idea Creation for Designing Artwork.
- Patient Service Executive
MHA/BHM/Graduate, 2-4 years of relevant experience of working in a hospital. Must be presentable with good communication skills.
- Bus Driver
Along with Heavy Transport Passenger License.
Walk-in-Interview from 12 noon to 3 pm
90070 32832 | hr@bppoddarhospital.net

চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

# ১১ রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে ৫৮০০ ক্লার্ক

## প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

**Math**

1. Sum of five consecutive even numbers is 380. What is the 2nd number in ascending order?
(a) 72 (b) 74 (c) 76 (d) 78 (e) None

2. 75% of number is equal to $\frac{4}{5}$ th of another number. What is the ratio between The 1st and 2nd number?
(a) 5 : 6 (b) 6 : 5 (c) 15 : 16 (d) 16 : 15 (e) None

3. Ratan sales an article for Rs. 3240 and earns a profit of 20%. What is the cost price of the article?
(a) 2700 (b) 2750 (c) 2800 (d) 3200 (e) None

4. The SI accrued in 8 years on a principal of Rs. 20000.00 is one thenth the principle. What is the rate of S.I?
(a) 1.25% (b) 2.75% (c) 1.50% (d) 1% (e) None

5. If downstream speed of a boat is 16 km/h and its upstream speed is 11 km/h. What is the speed of stream?
(a) 31 km/h (b) 2.5 km/h (c) 3.5 km/h (d) 1.5 km/h (e) None

**Direction (6 to 10):** *In the following question, there are two equations in X and Y. You have to solve both the equation and give answer:*
(a) if x > y (b) if x ≥ y (c) if x < y (d) x ≤ y (e) if x = y or there is no relation between x and y.

6. I. $2x^2 - 21x + 5x = 0$  II. $y^2 - 14y + 49 = 0$.
7. I. $x^2 - 19x + 70 = 0$  II. $2y^2 - 17y + 35 = 0$.
8. I. $3x^2 + 5x - 8 = 0$  II. $y^2 - 4y + 3 = 0$
9. I. $12x^2 - 27x + 15 = 0$  II. $18y^2 - 45y + 25 = 0$
10. I. $3x^2 + 11x + 8 = 0$  II. $3y^2 + 20y + 32 = 0$

11. Total present ages of M and N is 25 years more than the present age of P. If at present 'N' is 5 years older then P, what is M's present age?
(a) 35 (b) 30 (c) 20 (d) 40 (e) None

12. The area of circle is 7 times the numerical value of its circumference. What is the circumference of the circle?
(a) 88 units (b) 176 units (c) 244 units (d) cannot determined (e) None

13. A car covers a distance of 630 km in 9 hr. Speed of a Train is double the speed of the car. $\frac{1}{4}$ th of the speed of the train is equal of a bike. How much distance will the bike cover is 5 hr.?
(a) 135 km (b) 165 km (c) 265 km (d) 300 km (e) None

14. A can do a work in 12 days and B in 15 days. A and B worked together for 5 days and then B left. The day taken by A to finish the remaining work in:
(a) 10 (b) 12 (c) 4 (d) 3 (e) None

**Direction (15 to 19):** *A wrong number is given in the following series. Find out the wrong number.*

15. 20, 32, 84, 325, 1580
(a) 20 (b) 325 (c) 32 (d) 84 (e) None
16. 3, 8, 15, 24, 34, 48, 63
(a) 15 (b) 24 (c) 48 (d) 34 (e) None
17. 2, 9, 28, 65, 126, 216, 344
(a) 2 (b) 216 (c) 126 (d) 65 (e) None
18. 5, 15, 30, 135, 405, 1215, 3645
(a) 15 (b) 30 (c) 1215 (d) 405 (e) None
19. 125, 106, 88, 76, 65, 58, 53
(a) 88 (b)125 (c) 106 (d) 76 (e) None

**Direction (20 to 30):** *What will come in place of the question mark (?) in the following questions?*

20. $75 \times 6 \div 5 - 30 = (?)^2$
(a) $4\sqrt{15}$ (b) 60 (c) $2\sqrt{15}$ (d) $-\sqrt{15}$ (e) None
21. 36% of 750 – 17% of 460 = ?
(a) 113.8 (b) 116.8 (c) 107.7 (d) 114.9 (e) None
22. $2\frac{1}{3}$ of $1\frac{1}{4}$ of (?) = 315
(a) 132 (b) 108 (c) 128 (d) 116 (e) None
23. 87.39 – 51.75 + 69.73 = ? + 52.42
(a) 52.95 (b) 54.63 (c) 65.74 (d) 65.65 (e) None
24. $0.8 \times 1.6 \div 0.5 \times 12 = ?$
(a) 20.72 (b) 30.72 (c) 40.72 (d) 10.72 (e) None
25. 64% of ? + 39 = 583
(a) 750 (b) 550 (c) 850 (d) 950 (e) None
26. $(12)^2 - (4)^3 - \sqrt{729} + 11 = (?)^2$
(a) $\sqrt{32}$ (b) 64 (c) $\sqrt{14}$ (d) 48 (e) None
27. $\frac{3}{14}$ of 56% of 550 = ?
(a) 33 (b) 99 (c) 66 (d) 77 (e) None
28. $\sqrt{54 \times 24 \div 18 + 26 - 73} = ?$
(a) $\sqrt{5}$ (b) $(25)^2$ (c) 25 (d) 5 (e) None
29. ?% of 950 + 782 = 1200
(a) 54 (b) 44 (c) 34 (d) 64 (e) None
30. $45 \times 18 \div 5 - 83 = ? - 119$
(a) 188 (b) 134 (c) 168 (d) 158 (e) None

**Direction (31 to 35):** *Study the following table to answer the following question.*

% of marks obtained by 7 students in 6 subjects

| Subject<br>Max Marks Student | Eng (60) | Hist (40) | Computers (130) | Math (150) | Science (120) | Econ (80) |
|---|---|---|---|---|---|---|
| M | 100 | 80 | 50 | 90 | 90 | 60 |
| S | 80 | 70 | 80 | 100 | 80 | 40 |
| K | 90 | 70 | 60 | 90 | 70 | 70 |
| Soni | 60 | 60 | 65 | 80 | 80 | 80 |
| R | 50 | 90 | 62 | 80 | 85 | 95 |
| I | 40 | 60 | 64 | 70 | 65 | 85 |
| V | 80 | 80 | 35 | 65 | 50 | 75 |

31. What are the total marks obtained by M in all subjects?
(a) 448 (b) 580 (c) 470 (d) 475 (e) None
32. What are the average mark obtained by these seven students in History? (upto 2 decimal)
(a) 29.14 (b) 32.18 (c) 37.28 (d) 26.28 (e) None
33. How many students have got 60% or max mark, in all the subjects?
(a) One (b) Two (c) Three (d) None (e) Four
34. What is the overall % of K?
(a) 72% (b) 75% (c) 76% (d) 74% (e) None
35. In which subject is the overall percentage is the best?
(a) Math (b) Econ (c) Science (d) History (e) None

**Answers**

1(b), 2(d), 3(a), 4(a), 5(b), 6(c), 7(b), 8(d), 9(e), 10(b), 11(c), 12(a), 13(b), 14(d), 15(b), 16(d), 17(b), 18(b), 19(a), 20(c), 21(b), 22(b), 23(a), 24(b), 25(c), 26(b), 27(c), 28(d), 29(b), 30(e), 31(a), 32(a), 33(b), 34(b), 35(a).

**Solution**

1(b): Sum of 5 conscecutive even no. is 380
$\therefore$ 3rd even no. is $\frac{380}{5} = 76$
Required 2nd number is = 76 – 2 = 74.

2(d): $x \times \frac{75}{100} = y \times \frac{4}{5}$ or, $x \times \frac{3}{4} = y \times \frac{4}{5}$ or, $\frac{x}{y} = \frac{4}{5} \times \frac{4}{3} = \frac{16}{15} = 16 : 15$.

3(a): Cost price of the article = Rs. $\left[\frac{100}{120} \times 3240\right] \Rightarrow$ Rs. 2700.

4(a): S.I $\Rightarrow 20000 \times \frac{1}{10} =$ Rs. 2000
$\therefore \text{Rate} = \frac{\text{S.I} \times 100}{\text{Principal} \times \text{Time}} = \frac{2000 \times 100}{20000 \times 8} = 1.25\%$ p.a.

5(b): Speed of stream $= \frac{1}{2}$ (Rate downstream – rate upstream) $= \frac{1}{2}(16 - 11) \Rightarrow 2.5$ km/h.

6(c): I. $2x^2 - 21x + 54 = 0$ or, $2x^2 - 12x - 9x + 54 = 0$
or, $2x(x - 6) - 9(x - 6) = 0$ or, $(x - 6)(2x - 9) = 0$
$\therefore x = 6, 2x - 9 = 0$, or, $2x = 9$, or $x = \frac{9}{2}$
II. $y^2 - 14y + 49 = 0$ or, $(y - 7)^2 = 0$ or, $y - 7 = 0$
$\therefore y = 7$ So, $x < y$.

7(b): I. $x^2 - 19x + 70 = 0$
or, $x^2 - 5x - 14x + 70 = 0$ or, $x(x - 5) - 14(x - 5) = 0$
or, $(x - 5)(x - 14) = 0$ or, $x - 5 = 0 \therefore x = 5$
$x - 14 = 0 \therefore x = 14 \therefore x = 5$ or 14
II. $2y^2 - 17y + 35 = 0$ or, $2y^2 - 10y - 7y + 35 = 0$
or, $2y(y - 5) - 7(y - 5) = 0$
or, $(y - 5)(2y - 7) = 0$ or, $y - 5 = 0 \therefore y = 5$
$2y - 7 = 0$ or, $2y = 7 \therefore y = \frac{7}{2} \therefore$ So, $x \geq y$.

8(d): I. $3x^2 + 5x - 8 = 0$
or, $(x - 1)(3x + 8) = 0$ or, $x = 1, 3x + 8 = 0 \therefore x = -\frac{8}{3}$
II. $y^2 - 4y + 3 = 0$ or, $(y - 1)(y - 3) = 0$
$\therefore y = 1, y = 3 \therefore x \leq y$.

9(e): I. $12x^2 - 27x + 15 = 0$

এরপর সাতের পাতায়

# কলকাতা পুলিশে সাব-ইনস্পেক্টর ও সার্জেন্ট

*গত সংখ্যার পর*

61. LANGUISH শব্দটিতে এরূপ কত জোড়া অক্ষর পাওয়া যাবে, যাদের মধ্যে যতগুলি বর্ণ আছে, ইংরেজি বর্ণমালা অনুযায়ী ওই একই জোড়ার মধ্যে ঠিক ততগুলিই বর্ণ আছে?
(a) 1 (b) 2 (c) 3 (d) 4

62. একটি নির্দিষ্ট কোডে KAVERI শব্দটিকে VAKIRE লেখা হয়, তাহলে MYSORE শব্দটিকে কীভাবে লেখা হবে?
(a) ESYMRO (b) SYMORE (c) SYMERO (d) EROSYM

63. A, B-এর পূর্বে ও C-এর পশ্চিমে আছে। H, C-এর দক্ষিণ-পশ্চিমে এবং B-এর দক্ষিণ-পূর্বে। B, X-এর দক্ষিণ-পূর্বে আছে। তাহলে কে সবচেয়ে বেশি পশ্চিমে আছে?
(a) C (b) A (c) X (d) B

64. 6 বন্ধু A, B, C, D, E, F সবাই পূর্বদিকে মুখ করে বসে আছেন। C বসেছেন A এবং E-এর মাঝখানে। B বসেছেন E-এর ঠিক ডানদিকে, আবার D-এর ঠিক বাঁদিকে। F আবার একদম ডানদিকে বসেনি। তাহলে A-এর বাঁদিকে কে বসেছেন?
(a) E (b) C (c) D (d) F


65. 323 × 41 = 14323, 137 × 72 = 27731, 48 × 87 = 7884 হলে 34 × 75 = কত?
(a) 2550 (b) 5743 (c) 7534 (d) 4357

66. 21 × 42 = 18, 35 × 67 = 104 এবং 37 × 46 = 100 হলে 54 × 34 = কত?
(a) 36 (b) 63 (c) 37 (d) 73


**নির্দেশ (67 to 68):** *প্রদত্ত শব্দগুলিকে সঠিক অর্থযুক্ত অনুক্রমে সাজান।*

67. 1. কুঁড়ি 2. ফুল 3. মালা 4. বীজ 5. গাছ
(a) 4, 5, 2, 1, 3 (b) 4, 5, 1, 2, 3 (c) 5, 4, 1, 2, 3 (d) 5, 4, 2, 1, 3

68. 1. তাপ 2. খনি 3. বাতি 4. বিদ্যুৎ 5. কয়লা
(a) 2, 5, 1, 4, 3 (b) 2, 5, 4, 1, 3 (c) 2, 5, 3, 1, 4 (d) 5, 2, 3, 1, 4

69.


(a) 7 (b) 8 (c) 52 (d) 25

70.


(a) 600 (b) 120 (c) 480 (d) 240

71. $\sqrt{8^2 \times 7 \times 5^2 - 175} = ?$
(a) 105 (b) 95 (c) 115 (d) 125

72. $1\frac{1}{5}$ এর $1\frac{1}{2}$ এর ? = 216
(a) 100 (b) 120 (c) 140 (d) 180

73. 36% এর 850 – 28% এর 1150 = ?
(a) 8 (b) –8 (c) 12 (d) –16

74. $(4)^{0.5} \times (0.5)^4 \times 2^4$-এর মান কত?
(a) $\frac{1}{4}$ (b) 1 (c) 2 (d) $\frac{1}{8}$

75. এমন একটি সংখ্যা নির্ণয় করুন যা 4000 ও 5000-এর সঙ্গে এবং 12, 18, 21, 32 দ্বারা বিভাজ্য?
(a) 4023 (b) 4032 (c) 4302 (d) 4203

76. একটি সংখ্যার 25%, ওই সংখ্যার 30%-এর থেকে 15 কম। তবে সংখ্যাটির 20% কত হবে?
(a) 75 (b) 60 (c) 225 (d) 65

77. 500 টাকার ওপর 40% ছাড় এবং 500 টাকার ওপর পরপর 36% এবং 4% ছাড়ের পার্থক্য কত?
(a) 2 (b) 7.20 (c) 70 (d) 18

78. একটি নৌকা স্রোতের অনুকূলে 6 মিনিটে 1 কিমি যায়। স্রোতের প্রতিকূলে ঘণ্টায় 6 কিমি যায়। স্রোতের গতিবেগ নির্ণয় করুন:
(a) 182 km/h (b) 188 km/h (c) 8 km/h (d) 2 km/h

79. একটি পঞ্চভুজের চারটি কোণ হল 73°, 97°, 146° এবং 138°। পঞ্চম কোণটির মান কত?
(a) 113° (b) 104° (c) 86° (d) 83°

80. একটি সুষম বহুভুজের প্রতিটি অন্তঃকোণের মান 165° হলে বহুভুজটির বাহুসংখ্যা কত?
(a) 12 (b) 24 (c) 6 (d) 18

81. সুদের হার 5% থেকে কমে 4% হলে এক ব্যক্তির প্রাপ্য বার্ষিক সুদ 250 টাকা কমে যায়। ওই ব্যক্তির জমা মূলধন কত?
(a) 22500 (b) 25000 (c) 20000 (d) 25500

82. 500 টাকার 2 বছরের সুদের পার্থক্য 2.5 টাকা হয়, তবে ব্যাঙ্ক দু'টির সুদের হারে পার্থক্য কত?
(a) 0.5% (b) 0.25% (c) 0.75% (d) 0.58%

83. একটি সংখ্যার বর্গ অপর দু'টি সংখ্যার 68 ও 22-এর বর্গের অন্তরের সমান হলে সংখ্যাটি কত?
(a) 36 (b) 43 (c) 60 (d) 64

84. দু'টি সংখ্যার অনুপাত 2 : 3। সংখ্যাদু'টির সঙ্গে 3 যোগ করলে নতুন অনুপাত

এরপর সাতের পাতায়

jobindiagroup.com

# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## ১১ রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে ৫৮০০ ক্লার্ক

### প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*ছয়ের পাতার পর*

or $4x^2 - 9x + 5 = 0$ or, $(x - 1)(4x - 5) = 0$ or, $x = 1$ or, $x = \frac{5}{4}$

II. $18y^2 - 45y + 25 = 0$

or, $(3y - 5)(6y - 5) = 0$ or, $y = \frac{5}{3}$ or, $\frac{5}{6}$

So, No relation established.

10(b): I. $3x^2 + 11x + 8 = 0$

or, $(x + 1)(3x + 8) = 0 \therefore x = -1$ or, $x = -\frac{8}{3}$

II. $3y^2 + 20y + 32 = 0$

or, $(y + 4)(3y + 8) = 0 \quad \therefore y = -4, y = -\frac{8}{3} \therefore x \geq y$.

11(c): Present ages of M and N $\Rightarrow$ P + 25

$\therefore$ M + N = P + 25 ... (i)

As per question, N = P + 5

Now, M + N = P + 25 or, M + P + 5 – P = 25 $\therefore$ M = 20 years.

12(a): Area of circle = 7 × circumference

or, $\pi r^2 = 7 \times 2\pi R \therefore R = 14$

$\therefore$ Circumference of circle $= 2\pi R = 2 \times \frac{22}{7} \times 14 \Rightarrow 88$ units.

13(b): Speed of car $= \frac{630}{9} = 70$ km/hr

Speed of Train = 2 × 70 = 140 km/hr

Speed of Bike $= \frac{1}{4} \times 140 = 35$ km/hr

$\therefore$ Distance covered by bill in 5 hr = 5 × 35 = 165 km.

14(d): A $\rightarrow \frac{1}{12}$ and B's 1 days work is $\frac{1}{15}$

Both A and B 1 days work $\Rightarrow \frac{1}{12} + \frac{1}{15} = \frac{3}{20}$

5 days work of A and B $= \frac{3}{20} \times 5 = \frac{15}{20}$

Remains work $= 1 - \frac{15}{20} = \frac{20-15}{20} = \frac{5}{20} = \frac{1}{4}$

$\therefore$ Time taken by A to complete the work $= \frac{1}{4} \times 12 = 3$ days.

15(b): 20 × 2 – 8 = 32, 32 × 3 – 12 = 84

[84 × 4 – 16 = 320] 320 × 5 – 20 = 1580.

16(d): 3 8 15 24 34 48 63

5 7 9 10/11 13 15

17(b): $2 = (1)^3 + 1 = 2$, $2^3 + 1 = 9$, $3^3 + 1 = 28$

$4^3 + 1 = 65$, $5^3 + 1 = 126$, [$6^3 + 1 = 217$] (216)

$7^3 + 1 = 144$.

18(b): 5 × 3 = 15, 15 × 3 = 45 (30)

45 × 3 = 135, 135 × 3 = 405 and so on ...

19(a): 125 106 88 76 65 58 53

–19 –17 [12] [13] 11 –7 –5

20(c): $(?)^2 = \frac{75 \times 6}{5} - 30 = 90 - 30 = 60 \therefore ? = \sqrt{60} = 2\sqrt{15}$.

21(b): $? = \frac{750 \times 26}{100} - \frac{460 \times 17}{100} = 195 - 78.2 = 116.8$.

22(b): $? \times \frac{5}{4} \times \frac{7}{3} = 315 \Rightarrow ? = \frac{315 \times 4 \times 3}{5 \times 7} = 108$.

23(a): 52.95.

24(b): $? = \frac{0.8 \times 1.6 \times 12}{0.5} = 30.72$.

25(c): $\frac{64 \times ?}{100} = 563 - 39 = 544 \therefore ? = \frac{544 \times 100}{64} = 850$.

26(b): $144 - 64 - 27 + 11 = ?^2$ or, $?^2 = 64 = 8^2 \therefore ? = 8$.

27(c): $? = \frac{3}{14} \times \frac{56 \times 550}{100} = 66$.

28(d): $? = \sqrt{\frac{54124}{18} + 26 - 73} = \sqrt{72 + 26 - 73} = \sqrt{25} = 5$.

29(b): $? \times \frac{950}{100} = 1200 - 782 = 418 \Rightarrow ? = \frac{418 \times 100}{950} = 44$.

30(e): $\frac{45 \times 18}{5} - 83 = ? - 119$ or, $162 - 83 + 119 = ? \therefore ? = 198$.

31(a): Marks of M: Eng = 60, Hist $40 \times \frac{80}{100} = 32$

Computer $= 50 \times \frac{130}{100} = 65$, Maths $= \frac{90 \times 150}{100} = 135$

Science $= 90 \times \frac{120}{100} = 108$, Econ $= \frac{60 \times 80}{100} = 48$.

$\therefore$ Total marks is 448.

32(a): Marked obtained in History

$M = \frac{40 \times 80}{100} = 32$, Soni $= \frac{60 \times 40}{100} = 24$,

$V = \frac{80 \times 40}{100} = 32$, $S = \frac{70 \times 40}{100} = 28$, $R = \frac{90 \times 40}{100} = 36$

$K = \frac{70 \times 40}{100} = 28$, $I = \frac{60 \times 40}{100} = 24$

$\therefore$ Revised average $= \frac{32 + 24 + 28 + 24 + 36 + 24 + 32}{7} = 29.14$.

33(b): Kunal and Soni.

34(b): Total marks obtained by K $\Rightarrow$ 54 + 28 + 78 + 135 + 84 + 56 = 435

Total marks obtained by $\Rightarrow$ 60 + 40 + 130 + 150 + 120 + 80 = 580

$\therefore$ Revised% $= \frac{435}{550} \times 100 = 75\%$.

35(a): As per table shown— Math.

*প্রস্তুত করেছেন: প্রণবেশ মণ্ডল*

## কলকাতা পুলিশে

## সাব-ইনস্পেক্টর ও সার্জেন্ট

### প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*ছয়ের পাতার পর*

হয় 3 : 4। সংখ্যাদু'টির সমষ্টি কত?

(a) 10 (b) 15 (c) 20 (d) 25

85. অরুণের ইংরেজি ও অঙ্কের প্রাপ্ত নম্বরের সমষ্টি 170 এবং পার্থক্য 10। ইংরেজি ও অঙ্কের প্রাপ্ত নম্বরের অনুপাত হল:

(a) 7 : 8 (b) 8 : 7 (c) 9 : 8 (d) 9 : 7

86. বর্তমানে মুকেশ ও সুরেশের বয়সের অনুপাত 2 : 3। 12 বছর পরে তাদের বয়সের অনুপাত হবে 11 : 15 হবে। বর্তমানে সুরেশের বয়স কত?

(a) 56 (b) 32 (c) 42 (d) 48

87. দু'টি অ্যাসিডের দ্রবণে অ্যাসিডের পরিমাণ যথাক্রমে 40% ও 60%। এই দু'টি দ্রবণ কী অনুপাতে মেশালে নতুন মিশ্রণে অ্যাসিডের পরিমাণ 50% হবে?

(a) 1 : 2 (b) 1 : 1 (c) 1 : 3 (d) 2 : 3

88. কিছু টাকাকে দু'ভাগে ভাগ করা হল। একটির 6 গুণের সঙ্গে অন্যটির 15 গুণ যোগ করা হলে মোটের ওপর 8 গুণ হয়, অংশগুলির অনুপাত কত ছিল?

(a) 7 : 2 (b) 2 : 7 (c) 3 : 5 (d) 3 : 8

89. একটি ত্রিভুজের তিনটি বাহুর অনুপাত $\frac{1}{2} : \frac{1}{3} : \frac{1}{4}$। যদি ত্রিভুজটির পরিসীমা 52 সেমি হয়, তবে ক্ষুদ্রতম বাহুটির দৈর্ঘ্য কত?

(a) 14 (b) 18 (c) 16 (d) 12

90. A এবং B যৌথভাবে একটি কোম্পানি খোলে। A-এর মূলধন B-এর মূলধনের তিনগুণ এবং A-এর নিয়োজিত সময় B-এর নিয়োজিত সময়ের দ্বিগুণ। বছরের শেষে B, 4000 টাকা লভ্যাংশ পেলে মোট কত টাকা লাভ হয়েছে?

(a) 24000 (b) 26000 (c) 28000 (d) 30000

#### উত্তর

61(c), 62(c), 63(c), 64(d), 65(b), 66(b), 67(b), 68(a), 69(d), 70(c), 71(a), 72(b), 73(d), 74(c), 75(b), 76(b), 77(b), 78(d), 79(c), 80(b), 81(b), 82(b), 83(c), 84(b), 85(c), 86(d), 87(b), 88(a), 89(d), 90(c).

#### সমাধান

61(c): M T

I A N G U I S H


H

3 জোড়া অক্ষর হল LN/GI/US.

62(c): K A V → V A K; E R I → I R E

একইভাবে, M Y S → S Y M; O R E → E R O

63(c):




64(d): F, A, C, E, B, D

65(b): (i) 323 × 41 ⇒ 14 | 323 = 14323

(ii) 137 × 72 ⇒ 27 | 731 = 27731

(iii) 48 × 87 ⇒ 78 | 84 = 7884 ∴ 34 × 75 57 | 43 = 5743

66(b): (i) 21 × 42 ⇒ (2 + 1) × (4 + 2) = 3 × 6 = 18

(ii) 35 × 67 ⇒ (3 + 5) × (6 + 7) = 8 × 13 = 104

(iii) 37 × 46 ⇒ (3 + 7) × (4 + 6) = 10 × 10 = 100

∴ 54 × 34 ⇒ (5 + 4) × (3 + 4) = 9 × 7 = 63.

67(b): বীজ 4 থেকে গাছ 5 হয়, গাছে কুঁড়ি 1 হয়, কুঁড়ি থেকে ফুল 2 হয় এবং ফুল থেকে মালা 3 হয়।

68(a): খনি 2 থেকে কয়লা পাওয়া যায়, কয়লা পুড়িয়ে তাপ 1 পাওয়া যায়, তাপ থেকে বিদ্যুৎ 4 উৎপন্ন হয়, বিদ্যুতের সাহায্যে বাতি 3 জ্বলে।

এরপর আগামী সংখ্যায়

*প্রস্তুত করেছেন: অভিষেক রায়*

## সাধারণ মানসিক দক্ষতা

*গত সংখ্যার পর*

44. ওপরে A এবং নীচে B এই অবস্থানে নীচের ছবিটি বিপরীতমুখী আয়নায় কোন বিকল্পটি প্রতিফলিত হবে?

Question Figure




Answer Figure




(a) (b) (c) (d)

45. কোন বিকল্পটি আলাদা?

(a) সিডনি (b) ক্যানবেরা (c) মেলবোর্ন (d) ওয়েলিংটন

46. '?' স্থানে সঠিক সম্পর্কযুক্ত সংখ্যাটি বসান।





(a) 41 (b) 36 (c) 42 (d) 40

47. যদি MOVEMENT = MXVXMXNT লেখা হয় তবে COMMITMENT = কী লেখা হবে?

(a) CXXMXTXXNT (b) CXXMTXMXNT (c) CXXMXTMXNT (d) CXMMXTMXNT

48. নীচের তিনটি ছবি একই সম্পর্কে সঠিক আছে, কোন ছবিটি সঠিক সম্পর্কযুক্ত নয়।



(a) (b) (c) (d)

49. নীচের শব্দগুলি Dictionary অনুযায়ী প্রথম থেকে শেষে কীভাবে আসবে?

(i) Country (ii) Couple (iii) Courage (iv) Counter

(a) iv, i, ii, iii (b) iv, iii, ii, i (c) i, iii, iv, ii (d) iii, iv, i, ii

50. যদি 7@7 = 98, 5@5 = 50 হয় তবে 6@6 = ?

(a) 84 (b) 64 (c) 48 (d) 72

#### উত্তর

43(c), 44(d), 45(d), 46(a), 47(d), 48(d), 49(a), 50(d).

#### সমাধান

43(c): 04–01-2022

সাতদিন বা এক সপ্তাহের পার্থক্য আছে।

44(d):



45(d): ওয়েলিংটন নিউজিল্যান্ডের শহর বাকিগুলি অস্ট্রেলিয়ায়।

46(a): তারার প্রতিটি শীর্ষ বিন্দুর সংখ্যার যোগফল মাঝের সংখ্যা হয়েছে।

17 + 18 = 35, 18 + 19 = 37, 19 + 20 = 39, 17 + 21 = 38

Same as 20 + 21 = 41.

47(d): CXMMXTMXNT

এখানে Vowel-এর জায়গায় X বসেছে।

48(d):



এখানে প্রথম তিনটি ছবির ওপরের ঘড়ির সঙ্গে নীচের ঘড়ির এক ঘণ্টার পার্থক্য আছে কিন্তু শেষ ছবিতে দু'ঘণ্টার পার্থক্য আছে।

49(a): (iv), (i), (ii), (iii)

(iv) Counter (i) Country (ii) Couple (iii) Courage

50(d): $7 @ 7 = (7^2 + 7^2) = 49 + 49 = 98$

$5 @ 5 = (5^2 + 5^2) = 25 + 25 = 50$

Similarly, $6 @ 6 = (6^2 + 6^2) = 36 + 36 = 72$.

*প্রস্তুত করেছেন: পলাশ কান্তি মণ্ডল*

Jobindiagroup.com

## কী পড়বেন, কোথায় পড়বেন

### ট্রান্সমিশন অ্যান্ড ডিসট্রিবিউশন সিস্টেমের স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্স



ট্রান্সমিশন অ্যান্ড ডিসট্রিবিউশন সিস্টেমের স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে গুরগাঁওয়ের সেন্ট্রাল বোর্ড অব ইরিগেশন অ্যান্ড পাওয়ার। কোর্সটির নাম: 'পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন ট্রান্সমিশন অ্যান্ড ডিসট্রিবিউশন সিস্টেম উইথ অটোমেশন এস সি এ ডি এ/ডি এম এস'। কোর্সের মেয়াদ ২৬ সপ্তাহ। কোর্স শুরু হবে জানুয়ারিতে।

**আসনসংখ্যা:** ৬০টি। **শিক্ষাগত যোগ্যতা:** ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স বা পাওয়ার ইঞ্জিনিয়ারিংয়ে বি ই বা বি টেক।

বয়সের কোনও উর্ধ্বসীমা নেই।

কোর্স ফি: নন-স্পনসর্ড প্রার্থীদের ক্ষেত্রে ৮০,০০০ টাকা, স্পনসর্ড প্রার্থীদের ক্ষেত্রে ১ লাখ টাকা।

মেধার ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে পার্সোন্যাল ইন্টারভিউয়ের মাধ্যমে। মেধাতালিকা প্রকাশিত হবে ২৯ ডিসেম্বর।

আবেদনের শেষ তারিখ ২৭ ডিসেম্বর। আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.cbip.org

### ম্যানেজমেন্টের স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্স

এগ্রি বিজনেস ম্যানেজমেন্ট, কো-অপারেটিভ ম্যানেজমেন্ট এবং অন্ত্রেপ্রেনরশিপ ম্যানেজমেন্টের স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে বৈকুণ্ঠ মেহতা ন্যাশনাল ইনস্টিটিউট অব কো-অপারেটিভ ম্যানেজমেন্ট। এটি কেন্দ্রের কো-অপারেশন মন্ত্রকের অধীনস্থ একটি প্রতিষ্ঠান।

কোর্সের বিবরণ: পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন ম্যানেজমেন্ট: (১) এগ্রি বিজনেস ম্যানেজমেন্ট। কোর্সের মেয়াদ ২ বছর।

(২) কো-অপারেটিভ ম্যানেজমেন্ট, (৩) এগ্রি বিজনেস ম্যানেজমেন্ট এবং (৪) অন্ত্রেপ্রেনারশিপ ম্যানেজমেন্ট। কোর্সগুলির মেয়াদ দেড় বছর।

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর-সহ যে-কোনও শাখায় স্নাতক, সঙ্গে জাতীয় স্তরের প্রতিযোগিতামূলক পরীক্ষা যেমন, ক্যাট বা জি-ম্যাট বা সি-ম্যাট বা এক্স এ টি পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে ও বৈধ স্কোর করে থাকতে হবে।

**ফাইনাল ইয়ারের ছাত্রছাত্রীরাও শর্তসাপেক্ষে আবেদন করতে পারেন।**

**জাতীয় স্তরের প্রতিযোগিতামূলক পরীক্ষায় প্রাপ্ত স্কোরের ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে গ্রুপ ডিসকাশন এবং পার্সোন্যাল ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউ এপ্রিল-মে-তে।**

**অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.vamnicom.gov.in আবেদন করা যাবে ১১ জানুয়ারি থেকে ৩১ মার্চ পর্যন্ত। অথবা অফলাইনেও আবেদন করা যাবে। আবেদনের ফর্ম ডাউনলোড করে নেবেন উপরোক্ত ওয়েবসাইট থেকে।**

## স্কলারশিপের খোঁজখবর

### রোলস রয়েস উন্নতি কোভিড স্কলারশিপ ২০২১-২২

কোভিড-১৯ মহামারীতে পিতা বা মাতা বা পরিবারের উপার্জনকারী সদস্যের মৃত্যুর কারণে পড়াশোনা চালিয়ে যেতে অক্ষম ছাত্রীদের স্কলারশিপ দেবে রোলস রয়েস ইন্ডিয়া। সায়েন্স, টেকনোলজি, ইঞ্জিনিয়ারিং ও ম্যাথমেটিক্সের মধ্যে যে-কোনও একটি বিষয়ে স্নাতক স্তরে পাঠরতরা আবেদন করতে পারেন। বার্ষিক পারিবারিক আয় হতে হবে ৬ লাখ টাকার নীচে।

**স্কলারশিপের পরিমাণ:** ২৫,০০০ টাকা।

আবেদন করতে হবে অনলাইনে। বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.b4s.in/karma/RRUS1 আবেদনের শেষ তারিখ ৩১ ডিসেম্বর।

### কোটাক শিক্ষা নিধি

কোভিড-১৯ মহামারীতে পিতা-মাতা বা পরিবারের প্রধান উপার্জনকারী সদস্যের মৃত্যুর কারণে পড়াশোনা চালিয়ে যেতে অক্ষম ছাত্রছাত্রীদের স্কলারশিপ দেবে কোটাক এডুকেশন ফাউন্ডেশন। প্রথম শ্রেণি থেকে ডিপ্লোমা বা স্নাতক কোর্সে পাঠরতরা আবেদন করতে পারেন।

**বয়স:** ৬ থেকে ২২ বছরের মধ্যে হতে হবে।

আবেদন করতে হবে অনলাইনে। বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.b4s.in/karma/KSFA1 আবেদনের শেষ তারিখ ৩১ মার্চ।

*(তথ্য সহায়তা: buddy4study)*

## সি এস আই আর-নেট জানুয়ারি-ফেব্রুয়ারিতে

ইউনিভার্সিটি গ্রান্টস কমিশনের অধীনস্থ বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও কলেজে বিজ্ঞান শাখায় লেকচারশিপ এবং জুনিয়র রিসার্চ ফেলোশিপের জন্য প্রার্থী বাছাই পরীক্ষা 'নেট' নিচ্ছে কাউন্সিল অব সায়েন্টিফিক অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল রিসার্চ (সি এস আই আর) এবং ইউনিভার্সিটি গ্রান্টস কমিশন (ইউ জি সি) যৌথ ভাবে। জাতীয় স্তরের এই পরীক্ষাটির আয়োজক ন্যাশনাল টেস্টিং এজেন্সি (এন টি এ)। পরীক্ষার তারিখ: ২৯ জানুয়ারি, ৫ ও ৬ ফেব্রুয়ারি। পশ্চিমবঙ্গে একাধিক পরীক্ষাকেন্দ্র আছে।

**পরীক্ষা নেওয়া হবে এই সব বিষয়ে:** কেমিক্যাল সায়েন্সেস (সাবজেক্ট কোড ৭০১), আর্থ, অ্যাটমোস্ফেরিক, ওশান অ্যান্ড প্ল্যানেটারি সায়েন্সেস (সাবজেক্ট কোড ৭০২), লাইফ সায়েন্সেস (সাবজেক্ট কোড ৭০৩), ম্যাথমেটিক্যাল সায়েন্সেস (সাবজেক্ট কোড ৭০৪), ফিজিক্যাল সায়েন্সেস (সাবজেক্ট কোড ৭০৫)।

**শিক্ষাগত যোগ্যতা:** কেমিক্যাল সায়েন্স, লাইফ সায়েন্স, ম্যাথমেটিক্যাল সায়েন্স, ফিজিক্যাল সায়েন্স, আর্থ সায়েন্সের মাস্টার্স ডিগ্রিধারীরা এবং বি এস (৪ বছরের), বি ই, বি টেক, বি ফার্মা, এম বি বি এস, ইন্টিগ্রেটেড বি এস-এম এস বা সমতুল ডিগ্রিধারীরা মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর থাকলে আবেদন করতে পারেন। এই নম্বর নিয়ে বি এসসি (অনার্স) বা সমতুল ডিগ্রি পাশ করে থাকলে অথবা ইন্টিগ্রেটেড এম এস-পি এইচ ডি কোর্সে নথিভুক্ত হয়ে থাকলেও আবেদন করতে পারেন। উভয় ক্ষেত্রেই তফসিলি, তৃতীয় লিঙ্গ এবং দৈহিক প্রতিবন্ধীরা মোট অন্তত ৫০ শতাংশ নম্বর থাকলেই আবেদন করতে পারবেন। সব ক্ষেত্রেই ব্যাচেলর ডিগ্রিধারীরা এই নেট পরীক্ষায় সফল হয়ে ২ বছরের মধ্যে পি এইচ ডি বা ইন্টিগ্রেটেড পি এইচ ডি কোর্সে নথিভুক্ত হলে তবেই ফেলোশিপ পাবেন। পি এইচ ডি ডিগ্রিধারীরা ১৯৯১-এর ১৯ সেপ্টেম্বরের আগে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ স্নাতকোত্তর ডিগ্রি পেয়ে থাকলে শুধুমাত্র লেকচারশিপের জন্য আবেদনের যোগ্য। যাঁরা মাস্টার ডিগ্রির ফাইনাল পরীক্ষা দেবেন বা দিয়েছেন তাঁরাও শর্তসাপেক্ষে আবেদন করতে পারেন। সে ক্ষেত্রে ফল বেরতে দেরি আছে এই মর্মে নির্দিষ্ট বয়ানে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রধানের দেওয়া প্রয়োজনীয় সার্টিফিকেট দরখাস্তের সঙ্গে দেবেন।

**বয়স:** জুনিয়র রিসার্চ ফেলোশিপের জন্য ১-৭-২০২০ তারিখে ২৮ বছরের মধ্যে। তফসিলি, তৃতীয় লিঙ্গ, শারীরিক প্রতিবন্ধী ও মহিলারা ৫ বছর এবং ও বি সি প্রার্থীরা ৩ বছরের ছাড় পাবেন। লেকচারশিপের ক্ষেত্রে বয়সের কোনও উর্ধ্বসীমা নেই।

একবার আবেদনেই জুনিয়র রিসার্চ ফেলোশিপ (জে আর এফ) এবং লেকচারশিপের (এল এস) পরীক্ষায় বসার জন্য বিবেচিত হবেন। অধিক বয়সের জন্য জে আর এফ-এ যোগ্য বিবেচিত না হলে প্রার্থী স্বাভাবিক ভাবেই লেকচারশিপের জন্য পরীক্ষায় বসতে পারবেন।

**পরীক্ষার ধরনধারণ:** কম্পিউটার বেসড টেস্ট হবে। পরীক্ষার তারিখ ২৯ জানুয়ারি, ৫ ও ৬ ফেব্রুয়ারি। মর্নিং সেশন সকাল ৯টা থেকে দুপুর ১২টা পর্যন্ত। আফটারনুন সেশন দুপুর ৩টে থেকে সন্ধে ৬টা পর্যন্ত। মোট নম্বর ২০০। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্রগুলি হল: কলকাতা, আসানসোল, বর্ধমান, দুর্গাপুর, হুগলি, হাওড়া, কল্যাণী, শিলিগুড়ি।

প্রতি বিষয়ের তিনটি পার্টে পরীক্ষা হবে। প্রথম পার্টে থাকবে জেনারেল অ্যাপ্টিটিউড বিষয়ে প্রশ্ন। গুরুত্ব দেওয়া হবে লজিক্যাল রিজনিং, গ্রাফিক্যাল অ্যানালিসিস, অ্যানালিটিক্যাল অ্যান্ড নিউমেরিক্যাল এবিলিটি, কোয়ান্টিটেটিভ কম্পারিজন, সিরিজ ফর্মেশন, পাজলস ইত্যাদিতে। পার্ট 'বি'-এ থাকবে বিষয়ভিত্তিক অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন। পার্ট 'সি'-এ থাকবে বিজ্ঞানভিত্তিক ধারণা-সংক্রান্ত ডেসক্রিপ্টিভ ধরনের প্রশ্ন। সব ক্ষেত্রেই ভুল উত্তরের জন্য নেগেটিভ মার্কিং থাকবে। পরীক্ষার সিলেবাস পাওয়া যাবে এই ওয়েবসাইটে: www.csirhrdg.res.in

অনলাইন আবেদন করা যাবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://csirnet.nta.nic.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ২ জানুয়ারি পর্যন্ত। দরখাস্ত সংশোধন করা যাবে ৫ থেকে ৯ জানুয়ারি পর্যন্ত। মনে রাখবেন, অনলাইনে দরখাস্ত পূরণ করার সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের ফটো (জেপেগ বা জে পি জি ফর্ম্যাটে ১০ থেকে ২০০ কেবি সাইজের মধ্যে), সই (জেপেগ বা জে পি জি ফর্ম্যাটে ৪ থেকে ৩০ কেবি সাইজের মধ্যে), প্রযোজ্য ক্ষেত্রে রেজাল্ট অ্যাওয়েটেড অ্যাটেস্টেশন ফর্ম (জেপেগ বা জে পি জি ফর্ম্যাটে ৫০ থেকে ৫০০ কেবি সাইজের মধ্যে), প্রযোজ্য ক্ষেত্রে ক্যাটেগরি সার্টিফিকেট (জেপেগ বা জে পি জি ফর্ম্যাটে ৫০ থেকে ৩০০ কেবি সাইজের মধ্যে), দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট (জেপেগ বা জে পি জি ফর্ম্যাটে ৫০ থেকে ৩০০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করার পর অ্যাপ্লিকেশন নম্বর পাওয়া যাবে। সব শেষে কনফার্মেশন পেজের সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

ফি বাবদ দিতে হবে ১,০০০ টাকা (তফসিলি এবং তৃতীয় লিঙ্গের ক্ষেত্রে ২৫০ টাকা, ও বি সিদের ক্ষেত্রে ৫০০ টাকা, দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ফি লাগবে না)। ফি জমা দেওয়ার শেষ তারিখ ৩ জানুয়ারি। অনলাইন পদ্ধতিতে ক্রেডিট কার্ড বা ডেবিট কার্ড বা নেট ব্যাঙ্কিং বা ইউ পি আই বা ওয়ালেটের মাধ্যমে ফি জমা দিতে হবে। প্রার্থীকে অতিরিক্ত কোনও ট্রানজ্যাকশন চার্জ দিতে হবে না।

খুঁটিনাটি তথ্য জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## বিমানবাহিনীতে ট্রেনিং দিয়ে ৩১৭ অফিসার

ট্রেনিং দিয়ে ফ্লাইং এবং গ্রাউন্ড ডিউটি (টেকনিক্যাল ও নন-টেকনিক্যাল) শাখায় কমিশন্ড অফিসার নিয়োগ করবে ভারতীয় বিমানবাহিনী। শূন্যপদের সংখ্যা ৩১৭। ফ্লাইং শাখায় কিছু শূন্যপদ এন সি সি স্পেশ্যাল এন্ট্রির মাধ্যমে নিয়োগের জন্য সংরক্ষিত থাকবে। প্রার্থী বাছাই করা হবে এয়ারফোর্স কমন অ্যাডমিশন টেস্ট (এ এফ সি এ টি)-০১/২০২২-এর মাধ্যমে। নিয়োগ হবে পার্মানেন্ট ও শর্ট সার্ভিস কমিশনে। মহিলারা কেবল শর্ট সার্ভিস কমিশনের জন্য আবেদন করতে পারবেন। প্রশিক্ষণ শুরু হবে ২০২৩-এর জানুয়ারিতে।

এ এফ সি এ টি এন্ট্রির মাধ্যমে ফ্লাইং ব্রাঞ্চের ক্ষেত্রে ট্রেনিং হবে ২১৩/২৩এফ/এস এস সি/এম অ্যান্ড ডব্লু (শর্ট সার্ভিস কমিশন) কোর্সে। গ্রাউন্ড ডিউটি (টেকনিক্যাল) ব্রাঞ্চের ক্ষেত্রে পুরুষদের ট্রেনিং হবে ২১২/২৩ টি/পি সি/১০২ এ ই সি/ এম (পার্মানেন্ট কমিশন) এবং পুরুষ-মহিলা উভয়ের ক্ষেত্রে ২১২/২৩ টি/এস এস সি/১০২ এ ই সি/এম অ্যান্ড ডব্লু (শর্ট সার্ভিস কমিশন) কোর্সে। গ্রাউন্ড ডিউটি (নন- টেকনিক্যাল) ব্রাঞ্চের ক্ষেত্রে পুরুষদের ট্রেনিং হবে ২১২/২৩ জি/পি সি/এম (পার্মানেন্ট কমিশন) এবং পুরুষ-মহিলা উভয়ের ক্ষেত্রে ২১২/২৩জি/এস এস সি/এম অ্যান্ড ডব্লু (শর্ট সার্ভিস কমিশন) কোর্সে। এন সি সি স্পেশ্যাল এন্ট্রির মাধ্যমে ফ্লাইং ব্রাঞ্চের ক্ষেত্রে পুরুষদের ট্রেনিং হবে ২১৩/২৩ এফ/পি সি/এম (পার্মানেন্ট কমিশন) কোর্সে এবং পুরুষ-মহিলা উভয়ের ক্ষেত্রে ট্রেনিং হবে ২১৩/২৩ এফ/এস এস সি/এম অ্যান্ড ডব্লু (শর্ট সার্ভিস কমিশন) কোর্সে।

**শাখা অনুসারে শূন্যপদের বিবরণ: ফ্লাইং শাখা:** এয়ারফোর্স কমন অ্যাডমিশন টেস্ট এন্ট্রি: শর্ট সার্ভিস কমিশন: ৭৭টি। এন সি সি স্পেশ্যাল এন্ট্রি: কম্বাইন্ড ডিফেন্স সার্ভিসেস এক্সামিনেশন এবং এয়ারফোর্স কমন অ্যাডমিশন টেস্ট পরীক্ষায় উত্তীর্ণদের জন্য মোট ২০ শতাংশ শূন্যপদ সংরক্ষিত হবে।

**গ্রাউন্ড ডিউটি (টেকনিক্যাল) শাখা: বিষয় অনুসারে শূন্যপদ:** অ্যারোনটিক্যাল ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রনিক্স): পার্মানেন্ট কমিশনের ক্ষেত্রে ১৯টি, শর্ট সার্ভিস কমিশনের ক্ষেত্রে ৭৬টি। অ্যারোনটিক্যাল ইঞ্জিনিয়ার (মেকানিক্যাল): পার্মানেন্ট কমিশনের ক্ষেত্রে ৭টি, শর্ট সার্ভিস কমিশনের ক্ষেত্রে ২৭টি।

**গ্রাউন্ড ডিউটি নন-টেকনিক্যাল শাখা: বিভাগ অনুসারে শূন্যপদ:** অ্যাডমিনিস্ট্রেশন: পার্মামেন্ট কমিশনের ক্ষেত্রে ১০টি, শর্ট সার্ভিস কমিশনের ক্ষেত্রে ৪১টি। অ্যাকাউন্টস: পার্মানেন্ট কমিশনের ক্ষেত্রে ৪টি, শর্ট সার্ভিস কমিশনের ক্ষেত্রে ১৭টি। লজিস্টিক্স: পার্মানেন্ট কমিশনের ক্ষেত্রে ৮টি, শর্ট সার্ভিস কমিশনের ক্ষেত্রে ৩১টি।

**বয়স:** ফ্লাইং ব্রাঞ্চের ক্ষেত্রে ১-১-২০২৩ তারিখে ২০ থেকে ২৪ বছরের মধ্যে। অর্থাৎ জন্মতারিখ হতে হবে ২-১-১৯৯৯ থেকে ১-১-২০০৩-এর মধ্যে। কমার্শিয়াল পাইলট লাইসেন্সধারীরা ২৬ বছর বয়স পর্যন্ত ছাড় পাবেন। অর্থাৎ জন্মতারিখ হতে হবে ২-১-১৯৯৭ থেকে ১-১-২০০৩-এর মধ্যে। গ্রাউন্ড ডিউটি (টেকনিক্যাল ও নন-টেকনিক্যাল) শাখার ক্ষেত্রে ১-১-২০২৩ তারিখে ২০ থেকে ২৬ বছরের মধ্যে। অর্থাৎ জন্মতারিখ হতে হবে ২-১-১৯৯৭ থেকে ১-১-২০০৩-এর মধ্যে। ২৫ বছরের কমবয়সিদের অবিবাহিত হতে হবে।

ট্রেনিংয়ের মেয়াদ ফ্লাইং এবং গ্রাউন্ড ডিউটি (টেকনিক্যাল) শাখার ক্ষেত্রে ৭৪ সপ্তাহ এবং গ্রাউন্ড ডিউটি (নন-টেকনিক্যাল) শাখার ক্ষেত্রে ৫২ সপ্তাহ।

প্রশিক্ষণ চলাকালীন স্টাইপেন্ড ৫৬,১০০ টাকা। সফল ভাবে ট্রেনিং শেষে নিয়োগ করা হবে ফ্লাইং অফিসার পদে। তখন বেতনক্রম ৫৬,১০০-১,৭৭,৫০০ টাকা, সঙ্গে মিলিটারি সার্ভিস পে ১৫,৫০০ টাকা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই দুই ওয়েবসাইটের যে-কোনও একটির মাধ্যমে: https://careerindianairforce.cdac.in, https://afcat.cdac.in. অনলাইন দরখাস্ত করা যাবে ৩০ ডিসেম্বর পর্যন্ত। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। ফি বাবদ দিতে হবে ২৫০ টাকা। এন সি সি ক্যাটেগরিতে আবেদনকারী প্রার্থীদের কোনও ফি লাগবে না।

আগ্রহীরা খুঁটিনাটি তথ্যের জন্য দেখতে পারেন উপরোক্ত ওয়েবসাইট। অনলাইন দরখাস্ত-সংক্রান্ত কোনও প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই নম্বরগুলিতে: (০২০) ২৫৫০-৩১০৫/৬।

## চণ্ডিগড়ে ১১৬ স্টাফ নার্স

১১৬ জন স্টাফ নার্স (নার্সিং অফিসার) নেবে চণ্ডিগড়ের মেডিক্যাল এডুকেশন অ্যান্ড রিসার্চ দপ্তর। চুক্তিতে নিয়োগ করা হবে। প্রথমে তিন বছরের প্রবেশন। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: GMCH/HA-1/EA4/2021 29467-70.

**শূন্যপদের বিবরণ:** সাধারণ ৬৪, তফসিলি জাতি ২০, আর্থিক ভাবে অনগ্রসর ১৬, দৈহিক প্রতিবন্ধী ২, প্রাক্তন সমরকর্মী-সাধারণ ৯, প্রাক্তন সমরকর্মী-তফসিলি জাতি ৫। **শিক্ষাগত যোগ্যতা:** জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারিতে ডিপ্লোমা। অথবা বি এসসি নার্সিং বা সমতুল। পাশাপাশি স্টেট নার্সিং কাউন্সিলে নার্স অ্যান্ড মিডওয়াইফ হিসেবে প্রার্থীর নাম নথিভুক্ত থাকতে হবে। সেই সঙ্গে স্বীকৃত প্রতিষ্ঠান থেকে কম্পিউটারের ৮০ ঘণ্টার আই সি টি স্কিল কোর্স পাশ করে থাকা বাধ্যতামূলক।

**বয়স:** ১-১-২০২১ তারিখে ১৮ থেকে ৩৭ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে ছাড় পাবেন।

**বেতন:** নির্দিষ্ট মাসিক ২৯,২০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে ১০০ নম্বরের লিখিত পরীক্ষার মাধ্যমে। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://gmch.gov.in. অনলাইন দরখাস্তের শেষ তারিখ ২৭ ডিসেম্বর। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো ও কালো কালির সই (উভয়ই ১০০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

ব্যাঙ্ক চালানের মাধ্যমে ফি বাবদ দিতে হবে ১,০০০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ৫০০ টাকা)। প্রাক্তন সমরকর্মী ও দৈহিক প্রতিবন্ধীদের ফি দিতে লাগবে না। স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার যে-কোনও শাখায় ফি জমা দেওয়া যাবে। ব্যাঙ্ক চালানের প্রিন্ট আউট নিয়ে নেবেন উপরোক্ত ওয়েবসাইট থেকে।

দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করুন। সাবমিটের পর পূরণ করা দরখাস্তের দু'কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। প্রিন্ট আউটের নির্দিষ্ট জায়গায় ফটো সাঁটাবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর পক্ষে অমরেন্দ্র চক্রবর্তী কর্তৃক ২৯/১এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯ থেকে প্রকাশিত ও এবিপি প্রাঃ লিঃ, মৌজা: বড়বেড়িয়া, পোঃ জগন্নাথপুর, থানা: বারাসাত, জেলা: ২৪ পরগনা (উঃ) থেকে মুদ্রিত। প্রধান সম্পাদক: অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদক: মহাশ্বেতা সমাজদার ফোন: ২২৮৩-২৩২০, ২২৯০-০০০৮ ফ্যাক্স: ২২৮৭-৬৪৪৮
E-mail: swarnakshar.prakasani@gmail.com Website: www.swarnakshar.in